








বাংলা (প্রথম ভাষা)

নবম ও দশম শ্রেণি

# প্রশিক্ষণ পুস্তিকা

পরিকল্পনা ও নির্মাণ

বিশেষজ্ঞ কমিটি, বিদ্যালয় শিক্ষা দপ্তর

সমগ্র শিক্ষা অভিযান

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ

বিদ্যালয় শিক্ষা দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার

# বাংলা

## (প্রথম ভাষা)

### নবম ও দশম শ্রেণি

# প্রশিক্ষণ পুস্তিকা

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ
বিদ্যালয় শিক্ষা দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার
সমগ্র শিক্ষা অভিযান
পরিকল্পনা ও নির্মাণ : বিশেষজ্ঞ কমিটি, বিদ্যালয় শিক্ষা দপ্তর

# বিদ্যালয় শিক্ষা-দপ্তর। পশ্চিমবঙ্গ সরকার

**বিকাশ ভবন, কলকাতা - ৭০০ ০৯১**

# পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ

৭৭/২, পার্ক স্ট্রিট, কলকাতা- ৭০০ ০১৬

Neither this book nor any keys, hints, comment, note, meaning, connotations, annotations, answers and solutions by way of questions and answers or otherwise should be printed, published or sold without the prior approval in writing of the Director of School Education, West Bengal. Any person infringing this condition shall be liable to penalty under the West Bengal Nationalised Text Books Act, 1977.

জুলাই, ২০২০

SSA প্রকল্পের অন্তর্ভুক্ত শিক্ষিকা/শিক্ষক প্রশিক্ষণ কর্মশালাগুলি বিশেষজ্ঞ কমিটি কর্তৃক প্রস্তুত ও পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ কর্তৃক অনুমোদিত প্রশিক্ষণ পুস্তিকা অনুযায়ী অনুষ্ঠিত হবে।

**মুদ্রক**

çöëÞÝþ öîA†œ öÝþ : Ýþ î„þ „þöþ™ýöîŸ˜ !œ!›öÝþvþ

(পশ্চিমবঙ্গ সরকারের উদ্যোগ)

কলকাতা-৭০০ ০৫৬

# পর্ষদের কথা

পশ্চিমবঙ্গের মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় ২০১১ সালে বিদ্যালয় শিক্ষার ক্ষেত্রে একটি 'বিশেষজ্ঞ কমিটি' গঠন করেন। এই কমিটির ওপর বিদ্যালয়ের সমস্ত স্তরের পাঠক্রম, পাঠ্যসূচি এবং পাঠ্যপুস্তক নির্মাণের দায়িত্ব দেওয়া হয়। সেই অনুযায়ী জাতীয় পাঠক্রমের রূপরেখা ২০০৫ এবং শিক্ষার অধিকার আইন ২০০৯কে সামনে রেখে প্রাক্-প্রাথমিক এবং প্রথম শ্রেণি থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত প্রতিটি পাঠ্যপুস্তক বিশেষজ্ঞ কমিটি প্রস্তুত করেছে। ২০১৫ সালের নতুন পাঠক্রম অনুযায়ী নবম ও দশম শ্রেণির 'বাংলা' বিষয়ের পাঠ্যবই রচিত হয়েছে। কয়েকটি প্রশ্ন আমাদের মনের মধ্যে উঠে আসে : ১. নবম ও দশম শ্রেণিতে একজন শিক্ষার্থীর মধ্যে অর্জিত দক্ষতা কীভাবে পরিবর্তন, পরিমার্জন ও পরিবর্ধন ঘটাতে পারে? ২. নবম ও দশম শ্রেণি সমাপ্তিতে একজন শিক্ষার্থী দায়িত্ববান ও মূল্যবোধসম্পন্ন নাগরিক হিসেবে নিজেকে কতটা প্রতিষ্ঠিত করতে পারল? ৩. বিদ্যালয় থেকে প্রাপ্ত জ্ঞানকে বিষয়ের সীমা ছাড়িয়ে সামাজিক জীবনে কতখানি প্রতিফলন ঘটাতে পারল এবং ব্যবহার করতে পারল? এইসব প্রশ্নের যথাযথ উত্তর খুঁজতে গিয়েই বিশেষজ্ঞ কমিটি জ্ঞানগঠন পদ্ধতির রূপরেখা প্রস্তুত করেছে।

সমগ্র শিক্ষা অভিযান (SSA)-এর পরামর্শমতো পশ্চিমবঙ্গ সরকার নবম ও দশম শ্রেণির প্রথম ভাষা 'বাংলা' বিষয়ের শিখন ও মূল্যায়নের পদ্ধতি বিষয়ে এক প্রশিক্ষণ শিবিরের ব্যবস্থা করেছেন। সেই প্রশিক্ষণ শিবিরের জন্য প্রস্তুত করা হলো এই নির্দেশিকা।

মাননীয় শিক্ষামন্ত্রী ড.পার্থ চ্যাটার্জী প্রয়োজনীয় মতামত এবং পরামর্শ দিয়ে আমাদের বাধিত করেছেন। তাঁকে আমাদের কৃতজ্ঞতা জানাই।

আশা করি এই প্রশিক্ষণ শিবির সাফল্যমণ্ডিত হবে এবং ভবিষ্যৎ পঠন-পাঠনে ফলপ্রসূ প্রভাব ফেলবে।

জুলাই, ২০২০
৭৭/২, পার্ক স্ট্রিট
কলকাতা - ৭০০০১৬

কল্যাণময় গঙ্গোপাধ্যায়
প্রশাসক
পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ

# প্রাক্‌কথন

পশ্চিমবঙ্গের মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় ২০১১ সালে বিদ্যালয় শিক্ষার ক্ষেত্রে একটি 'বিশেষজ্ঞ কমিটি' গঠন করেন। এই বিশেষজ্ঞ কমিটির ওপর দায়িত্ব ছিল বিদ্যালয় স্তরের সমস্ত পাঠক্রম, পাঠ্যসূচি এবং পাঠ্যপুস্তকের পর্যালোচনা, পুনর্বিবেচনা এবং পুনর্বিন্যাসের প্রক্রিয়া পরিচালনা করা। সেই কমিটির সুপারিশ অনুযায়ী নতুন পাঠক্রম, পাঠ্যসূচি এবং পাঠ্যপুস্তক নির্মিত হয়। ইতোপূর্বে প্রাক্-প্রাথমিক থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত সমস্ত পাঠ্যপুস্তক জাতীয় পাঠক্রমের রূপরেখা ২০০৫ এবং শিক্ষার অধিকার আইন ২০০৯ নথিদুটিকে অনুসরণ করে নির্মিত হয়েছে। নবম ও দশম শ্রেণির ক্ষেত্রে নতুন পাঠক্রম, পাঠ্যসূচি অনুযায়ী পাঠ্যপুস্তকগুলি নির্মিত হয়েছে।

সমগ্র শিক্ষা অভিযান (SSA)-এর পরামর্শ মতো পশ্চিমবঙ্গ সরকার নবম ও দশম শ্রেণির প্রথম ভাষা 'বাংলা' বিষয়ের শিখন ও মূল্যায়নের পদ্ধতি বিষয়ে এক প্রশিক্ষণ শিবিরের ব্যবস্থা করেছেন। সেই প্রশিক্ষণ শিবিরের জন্য প্রস্তুত করা হল এই নির্দেশিকা।

পশ্চিমবঙ্গের মাননীয় শিক্ষামন্ত্রী ড. পার্থ চ্যাটার্জী প্রয়োজনীয় মতামত এবং পরামর্শ দিয়ে আমাদের বাধিত করেছেন। তাঁকে আমাদের কৃতজ্ঞতা জানাই।

পশ্চিমবঙ্গ সরকারের বিদ্যালয় শিক্ষা দপ্তর, পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ এবং সমগ্র শিক্ষা অভিযানের পরিকল্পনা ও সহায়তায় শিখন পদ্ধতি ও মূল্যায়ন সম্পর্কে রাজ্যব্যাপী শিক্ষক প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। আশা করি, বিদ্যালয় শিক্ষা দপ্তর, পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ ও সমগ্র শিক্ষা অভিযানের পক্ষে প্রকাশিত এই প্রশিক্ষণ পুস্তিকা শিখন পদ্ধতি ও মূল্যায়নের সার্থক রূপায়ণে সহায়ক ভূমিকা পালন করবে।

সেপ্টেম্বর, ২০১৮
নিবেদিতা ভবন, ষষ্ঠতল
বিধাননগর, কলকাতা : ৭০০ ০৯১

অভীক মজুমদার
চেয়ারম্যান
বিশেষজ্ঞ কমিটি
বিদ্যালয় শিক্ষা দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার

## বিশেষজ্ঞ কমিটি পরিচালিত পাঠ্যপুস্তক প্রণয়ন পর্ষদ

²|̀!ŸÇþ ’ þ™!hßþ„þy নির্মাণ ও বিন্যাস

x•Äyþ™„þ x¦þ#„þ >‹›”yî Söë‰þëyî›Äy˜- !îöŸ¡Kþ „þ!›!ÝþV

রুদ্রশেখর সাহা ঋত্বিক মল্লিক

# সূ চি প ত্র


| | পৃষ্ঠা |
|---|---|
| সমগ্র শিক্ষা অভিযান (SSA) | ১ |
| শিক্ষক প্রশিক্ষণের প্রচলিত পদ্ধতি ও NCFTE 2009 প্রস্তাবিত পদ্ধতির তুলনা | ২ |
| প্রথম অধ্যায় : বিদ্যালয় স্তরে প্রথম ভাষারূপে বাংলা-ভাষা শিক্ষা | ৪ |
| দ্বিতীয় অধ্যায় : মাধ্যমিক স্তরে প্রথম ভাষা বাংলার কাম্য শিখন সামর্থ্য | ৮ |
| তৃতীয় অধ্যায় : প্রজ্ঞামূলক ক্ষেত্রের প্রত্যাশিত শিখন ফলাফল (Expected learning outcome) এবং তার আনুষঙ্গিক ক্রিয়াশীল শব্দ | ১০ |
| চতুর্থ অধ্যায় : বাংলা পাঠক্রম ও পাঠ্যসূচি : নবম শ্রেণি | ১৩ |
| পঞ্চম অধ্যায় : অন্তর্বর্তী প্রস্তুতিকালীন মূল্যায়ন | ১৮ |
| ষষ্ঠ অধ্যায় : পর্যায়ক্রমিক মূল্যায়নের প্রশ্নের ধরন ও রূপরেখা | ৩৯ |
| সপ্তম অধ্যায় : নমুনা প্রশ্নপত্র | ৪২ |
| অষ্টম অধ্যায় : কর্মপত্র | ৭০ |

# সমগ্র শিক্ষা অভিযান (SSA)

দেশের সমস্ত বিদ্যালয়ে শিক্ষার ক্ষেত্রে শিশুরা যাতে সমব্যবহার (access), সমান অংশীদারিত্ব (equity) এবং উৎকর্ষ (quality)— এই তিনটি বিষয়েরই সুবিধা গ্রহণ করতে পারে, শিক্ষার অধিকার আইন ২০০৯ তা সুনিশ্চিত করতে চায়। ২০১৮-২০১৯ সালের কেন্দ্রীয় বাজেটের পরামর্শ অনুযায়ী মানব সম্পদ উন্নয়ন মন্ত্রক সমগ্র শিক্ষা অভিযান (SSA) প্রকল্পটি গ্রহণ করে। এর মধ্য দিয়ে সর্বশিক্ষা অভিযান এবং রাষ্ট্রীয় মাধ্যমিক শিক্ষা অভিযান নামের দুই স্বতন্ত্র প্রকল্পকে একটি প্রকল্পের মধ্যে নিয়ে আসা হল। এর ফলে বিদ্যালয় শিক্ষার ক্ষেত্রে প্রাক্-প্রাথমিক থেকে দ্বাদশ শ্রেণি সামগ্রিকভাবে একটি প্রকল্পের মধ্যে চলে এল।

সর্ব শিক্ষা অভিযান, রাষ্ট্রীয় মাধ্যমিক শিক্ষা অভিযান এবং শিক্ষক শিক্ষণ কর্মসূচির সমন্বয় ঘটেছে সমগ্র শিক্ষা অভিযান প্রকল্পে। সমগ্র শিক্ষা অভিযান প্রকল্পের লক্ষ্য বিদ্যালয়ে প্রাপ্ত সুযোগসমূহ এবং কাম্য শিখন সামর্থ্যগুলির সাম্য নিরূপণ করার মাধ্যমে বিদ্যালয়গত কর্মকাণ্ডের উন্নয়ন ঘটানো। বিদ্যালয় শিক্ষার বিভিন্ন এবং প্রধান প্রভাবকগুলির সমন্বয় ঘটানোর মাধ্যমে সমগ্র শিক্ষা অভিযান প্রকল্প বিদ্যালয় শিক্ষার স্তরে উন্নয়নের একটি কার্যক্রমের রূপরেখা নির্ণয় করেছে এবং সে কাজে সমস্ত স্তরে বিশেষত রাজ্য, জেলা ও চক্র স্তরে কাঠামো ও সম্পদ ব্যবহার করা তথা প্রয়োগ কৌশল নির্ধারণ করা এবং সে কাজে সমস্ত ব্যয় বহন করার উপরে জোর দিয়েছে। এক্ষেত্রে সমগ্র শিক্ষা অভিযান প্রাকল্পিক লক্ষ্যসমূহের পরিবর্তে সর্বস্তরে ব্যবস্থার উন্নয়ন, বিদ্যালয়গত সামর্থ্যসমূহের বিকাশ এবং সার্বিকভাবে শিক্ষার মানোন্নয়ন ঘটানোর জন্য রাজ্যগুলিকে উৎসাহিত করার উপর জোর দিয়েছে।

## সমগ্র শিক্ষা অভিযানের প্রধান লক্ষ্য

এই প্রকল্পটির সামগ্রিকতা বলতে বোঝায় ব্যবহারের, সমান অংশীদারিত্ব ও উৎকর্ষের সর্বজনীনতা, বিদ্যালয়ে বৈদ্যুতিন শিখন সামগ্রীর প্রয়োগ এবং শিক্ষক-প্রশিক্ষণকে শক্তিশালী করে তোলা।

এই প্রকল্পের অন্যতম প্রধান লক্ষ্যগুলি হল :

- শিক্ষার উৎকর্ষ বৃদ্ধি এবং শিক্ষার্থীর শিখন-সামর্থ্যের বিকাশ।
- সামাজিক এবং লিঙ্গ বৈষম্য দূরীকরণ।
- সম অংশীদারিত্ব নিশ্চিত করা এবং শিক্ষাকে সর্বস্তরে পৌঁছে দেওয়া।
- বিদ্যালয়ের সুযোগসুবিধাগুলি সুনিশ্চিতকরণ।
- শিক্ষা অধিকার আইন, ২০০৯ রাজ্যে বলবৎ করার জন্য সাহায্য করা।

# শিক্ষক প্রশিক্ষণের প্রচলিত পদ্ধতি

# ও

# NCFTE 2009 প্রস্তাবিত পদ্ধতির তুলনা

শিক্ষার সার্বিক উন্নয়নের জন্য প্রয়োজনীয় বিভিন্ন শর্তের মধ্যে অন্যতম হল শিক্ষক প্রশিক্ষণের ব্যবস্থা করা। এই উদ্দেশ্যে National Council for Teacher Education কর্তৃক গঠিত বিশেষজ্ঞ কমিটি বহুসংখ্যক বিশেষজ্ঞ, বিশ্ববিদ্যালয়ের শিক্ষা বিভাগের অধ্যাপক, শিক্ষক, প্রশিক্ষণ গ্রহণরত শিক্ষক এবং NCERT, SCERT, DIET, বিভিন্ন NGO প্রভৃতির সঙ্গে দীর্ঘ ও ফলপ্রসূ আলোচনার পর একটি প্রাথমিক নথি প্রস্তুত করেন। পরবর্তীকালে পরিমার্জিত হয়ে এটি পুস্তকাকারে প্রকাশিত হয়। জাতীয় শিক্ষাক্ষেত্রে এই অতি গুরুত্বপূর্ণ নথিটিই National Curriculum Framework for Teacher Education, 2009 (NCFTE, 2009) নামে পরিচিত। এই মূল্যবান নথিটি আমাদের শিক্ষক প্রশিক্ষণ পুস্তিকা নির্মাণে দিক্‌নির্দেশ করেছে। শিক্ষক প্রশিক্ষণের সাধারণ নীতির আলোচনা প্রসঙ্গে NCFTE, 2009 নথিতে বলা হয়েছে '*... we have realized the tentative and fluid nature of the so-called knowledge-base of teacher education. This makes reflective practice the central aim of teacher education. Pedagogical knowledge has to constantly undergo adaptation to meet the needs of diverse contexts through critical reflection by the teacher on his/her practices.*' এই অংশে আমরা দেখব শিক্ষক প্রশিক্ষণে প্রচলিত পদ্ধতি ও NCFTE, 2009 প্রস্তাবিত পদ্ধতির মূলগত পার্থক্য কোথায়।

**Comparison between the Dominant Current Practice and Proposed Process-Based Teacher Education Curriculum Framework**

| Dominant Practice of Teacher Education | Proposed Process-Based Teacher Education |
|---|---|
| Focus on psychological aspects of learners without adequate engagement with contexts. Engagement with generalised theories of children and learning. | Understanding the social, cultural and political contexts in which learners grow and develop. Engagement with learners in real life situations along with theoretical enquiry. |
| Theory as a "given" to be applied in the classroom. | Conceptual knowledge generated, based on experience, observations and theoretical engagement. |
| Knowledge treated as external to the learner and something to be acquired. | Knowledge generated in the shared context of teaching, learning, personal and social experiences through critical enquiry. |

| Dominant Practice of Teacher Education | Proposed Process-Based Teacher Education |
|---|---|
| Teacher educators instruct and give structured assignments to be submitted by individual students. Training schedule packed by teacher-directed activities. Little opportunity for reflection and self-study. | Teacher educators evoke responses from students to engage them with deeper discussions and reflection. Students encouraged to identify and articulate issues for self-study and critical enquiry. Students maintain reflective journals on their observations, reflections, including conflicts. |
| Short training schedule after general education. | Sustained engagement of long duration professional education integrated with education in liberal sciences, arts and humanities. |
| Students work individually on assignments, in-house tests, field work and practice teaching. | Students encouraged to work in teams undertaking classroom and learners' observations, interaction and projects across diverse courses. Group presentations encouraged. |
| No "space" to address students' assumptions about social realities, the learner and the process of learning. | Learning "spaces" provided to examine students' own position in society and their assumptions as part of classroom discourse. |
| No "space" to examine students' conceptions of subject-knowledge. | Structured "space" provided to revisit, examine and challenge (mis) conceptions of knowledge. |
| Practice teaching of isolated lessons, planned in standardised formats with little or no reflection on the practice of teaching. | School Internship – students teach within flexible formats, larger frames of units of study, concept web-charts and maintain a reflective journal. |

**তথ্যসূত্র :**

১. **National Curriculum Framework for Teacher Education : Towards Preparing Professional and Humane Teacher, National Council for Teacher Education, New Delhi, 2009**

প্রথম অধ্যায়

# বিদ্যালয় স্তরে প্রথম ভাষারূপে বাংলা ভাষা-শিক্ষা

প্রচলিত ধারণা অনুযায়ী বিদ্যালয়-স্তরে, বিশেষত প্রাথমিক ও উচ্চ-প্রাথমিক স্তরে প্রথম ভাষা শিক্ষার অর্থ প্রধানত ভাষাশিক্ষা। তাই অনেকেই মনে করেন সাহিত্যের যে ব্যাপকতা, তা এই স্তরে ততটা গুরুত্বপূর্ণ নয়, যতটা প্রয়োজন ভাষার বিভিন্ন দিক আয়ত্ত করা। কিন্তু জাতীয় পাঠক্রমের রূপরেখা, ২০০৫-এর দিকে যদি আমরা তাকাই, তাহলে দেখব (Position Paper No. 1.3 Teaching of Indian Languages)-এর ভূমিকাতেই বলা হয়েছে—

'We need to examine it in a multi-dimensional space, giving due importance to its structural, literary, sociological, cultural, psychological and aesthetic aspects . Formally, language is seen as the pairing of a lexicon and a set of syntactic rules, where it is systematically governed at the level of sounds, words, and sentences. This is, of course, true but it gives us only one side of the picture, even though it is universal.'

অর্থাৎ NCF 2005 জোর দিতে চাইছে ভাষার বিভিন্ন দিকের প্রতি, শুধু ভাষার গঠনের উপর নয়। যোগাযোগের মাধ্যম হিসাবে ভাষার (Language as a medium of communication) যে রূপ, তা শিশুরা রপ্ত করে নেয় তিন থেকে চার বছর বয়সের মধ্যেই। এই প্রক্রিয়াটি যখন চলে তখন ভাষার ব্যাকরণ শিক্ষার কোনো প্রয়োজন পড়ে না। যোগাযোগ অর্থাৎ কমিউনিকেশনের অংশটি ছাড়াও ভাষার আরও যে-সব গুরুত্বপূর্ণ দিকের কথা বলছে NCF 2005, অর্থাৎ সাহিত্যিক-সামাজিক-সাংস্কৃতিক-মনস্তাত্ত্বিক এবং নান্দনিক দিক, এই সব ক্ষেত্রেও শিশুর ভাষা সক্ষমতার সামগ্রিক বিকাশ ঘটছে কি না, সেটি দেখার মধ্যেই নিহিত রয়েছে ভাষাশিক্ষার সার্থকতা।

তাই বিদ্যালয়স্তরে ভাষাশিক্ষার ক্ষেত্রে যে পাঠ্যপুস্তকগুলি নির্মাণ করা হয়েছে, সেখানে NCF 2005-এর নির্দেশ অনুযায়ী আমরা ক্রমশ সরে এসেছি প্রচলিত ধারণা থেকে। পাঠ্যপুস্তককে এমনভাবে সাজানো হয়েছে, যাতে ভাষার এই বিভিন্ন দিক সেখানে ধরা পড়ে। পাশাপাশি এ কথাও বলা প্রয়োজন যে পাঠ্যপুস্তক কখনই স্বয়ংসম্পূর্ণ হতে পারে না, বিশেষত প্রথম ভাষার পাঠ্যপুস্তক তো নয়ই।

সেখানে কল্পনা ও সৃষ্টিশীলতাকে উসকে দেওয়া হয় সামাজিক-সাংস্কৃতিক মূল্যবোধের হাত ধরে, আর ভাষার বিভিন্ন বৈচিত্রপূর্ণ আঙ্গিক ও সংরূপের পাঠ্যপুস্তক আসলে একটা নমুনা হাজির করে মাত্র। পাঠ্যপুস্তককে কেন্দ্র করে এক অনন্ত পরিধির দিকে যাতায়াত এবং সেই যাওয়া-আসার মাধ্যমে কী অর্জন করছে শিশুরা, সেটির মূল্যায়নই আমাদের এই পর্যায়ের লক্ষ্য।

এই যে অর্জনের কথা বলা হচ্ছে, বোঝাই যাচ্ছে যে কেন্দ্র-পরিধির মধ্যের এই চলন তা হবে শিশুর নিজস্ব ছন্দে। শিশুর নিজস্ব অভিজ্ঞতাকে প্রাধান্য দিয়েই চলবে জ্ঞান-গঠনের প্রক্রিয়া। তাদের অভিজ্ঞতার সঙ্গে নতুন অভিজ্ঞতা, পুরনো ধারণার সঙ্গে নতুন ধারণার মিশ্রণে ও সংঘর্ষে শিক্ষার্থীর জ্ঞান-গঠনে শিক্ষক বা

শিক্ষিকার ভূমিকা হবে ‘সাহায্যকারীর’। এর জন্য প্রয়োজন সামগ্রিকভাবে শ্রেণিকক্ষের বিন্যাসের বদল। Constructive Approach বা নির্মিতিবাদ অনুযায়ী, ব্যাখ্যা-নির্মাণ কাঠামো বা ICON Model হতে পারে শিক্ষক/শিক্ষিকাদের অনুসরণীয় একটি প্রক্রিয়া। এবার দেখে নেওয়া যাক, পাঠ্যপুস্তকগুলি কীভাবে পালন করছে তাদের দায়িত্ব। প্রতিটি পাঠ্যপুস্তকের শেষে আছে ‘শিখন পরামর্শ’। সেখানে এই বইগুলির ভিতরের গঠন সম্বন্ধে আলোচনা রয়েছে। লক্ষ করলে দেখা যাবে প্রতিটি বই কোনো না কোনো ভাবমূলকে (Theme) কেন্দ্র করে গড়ে উঠেছে। নীচে তৃতীয় শ্রেণি থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত এই ভাবমূলের ধারাবাহিক বিন্যাসটি দেখানো হল :

| শ্রেণি | ভাবমূল (Theme) | উপভাবমূল (Sub-theme) |
|---|---|---|
| তৃতীয় শ্রেণি | প্রচলিত গল্পকথার জগৎ | মূল্যবোধ কাজের আনন্দ, ছবি আঁকা, প্রকৃতিতে রং, নদীর কথা, গাছ, ঐক্য, দেশের কথা। |
| চতুর্থ শ্রেণি | খেলার জগৎ ও রোমাঞ্চকর অভিজ্ঞতা | প্রকৃতির শিক্ষা ও আত্মপ্রত্যয়, বন্ধুত্ব, দলগত খেলা, মিলেমিশে থাকা, দেশে-বিদেশে অভিযান, কল্পনার আনন্দ। |
| পঞ্চম শ্রেণি | রূপময় প্রকৃতি ও কল্পনা | রূপকথা, পরিযায়ী পাখি, আদিবাসী মানুষের সংগ্রাম, লিঙ্গসাম্য, শৈশবের কথা, প্রকৃতির মধ্যে মুক্তি, প্রাকৃতিক বৈচিত্র্য, অরণ্যচারী মানুষের জীবন, স্বদেশ, শিশুর বঞ্চনা ও মানবিক অনুভূতি। |
| ষষ্ঠ শ্রেণি | আমাদের চারপাশের জগৎ | প্রকৃতি ও পরিবেশের সঙ্গে একাত্মতা, মহাবিশ্ব ও মহাকাশ সম্বন্ধে ভালোবাসা ও কৌতূহল, মেলা, উৎসব, কীট-পতঙ্গ, পশুপাখির সঙ্গে অন্তরঙ্গতা, বৈচিত্র্যময় ঘটনা, পৃথিবী, মানুষ ও বিদ্যালয় জীবনের বৈচিত্র্য, দলগত খেলার মজা। |
| সপ্তম শ্রেণি | সংস্কৃতি ও বিজ্ঞান | ছন্দ ও সুর, মাতৃভাষা, চিত্রকলা, সংগীত, দেশের কথা, ক্রীড়া সংস্কৃতি, বিজ্ঞান ও মনুষ্যত্ব, নাটক, সিনেমা, বই। |
| অষ্টম শ্রেণি | বন্ধুত্ব ও সমানুভূতি | আতিথেয়তা, বন্ধুত্ব, অসম বন্ধুত্ব, সমানুভূতি, মানুষ ও প্রকৃতির বন্ধুত্ব, মানুষ ও মনুষ্যেতর প্রাণী, জীবনের নানা দিক। |

নবম ও দশম শ্রেণির ‘সাহিত্য সঞ্চয়ন’ একটি নির্দিষ্ট ভাবমূলকে ভিত্তি করে গড়ে ওঠেনি। *পাতাবাহার* ও *সাহিত্যমেলা*, অর্থাৎ তৃতীয় থেকে অষ্টম শ্রেণির পাঠ্যপুস্তকে ব্যবহৃত ভাবমূল (Theme) সমূহ থেকে নির্বাচিত কয়েকটিকে এখানে ব্যবহার করা হয়েছে। প্রতিটি পাঠ বিভিন্ন ভাবমূলের নানা দিককে, প্রথিতযশা কবি ও লেখকদের লেখার মধ্যে দিয়ে তুলে ধরে।

## ²ì í › ¦þy¡y !ŸÇþyî vþö j ŸÄ ç þ™å•!“þ õ

!ŸŸ öë þ™!îöîöŸ îövþy £öë çöàþ ö¢...yö˜£ “þyî ¦þy¡y !ŸÇþyî ¢eþ™y“þÐ ö¢£ !˜!”Tþ xMþöœ ¢#›yîå• „þíÄ ¦þy¡y xyëö_î ‹˜Ä “þyî !î”ÄyœëÌö!ŸÇþyî ²ìöëy‹˜ £ë ˜yÐ ¦þy¡yö†yÛþ#î î£_î ç ¢y›!@ì„þ „þy‹„þ› ¢Á™y”ö˜î ‹˜Ä ¦þy¡yö†yÛþ#ö“þ öë ~„þ!Ýþ xMþœÌö!˜îöþ™Çþ ¢î‹˜›y˜Ä öœ...Ä ¦þy¡yîöþ™î ²‰þœ˜ îöëöŠ- “þyî ¢öA† þ™!î!‰þ!“þî „þyîö’£ !îöŸ¡¦þyöî öœ...y ç þ™vþyî îÄîÞíy „þîy ”î„þyîÐ xMþœÌö!˜îöþ™Çþ ç !œ...˜Ìö¢yöþ™Çþ ¦þy¡yîöþ™î ¢öA† !ŸŸÌö!ŸÇþyí#î þ™!î‰þë ‡Ýþyö˜yî œöÇþÄ£ !î”Äyœë þ™yàþ„þö› ¦þy¡y!ŸÇþyî xî“þyî’yÐ ~î ›y•Äö›£ “þyîy ¦þy¡yö†yÛþ#î ¢î‹˜#˜ ¦þyî !î!˜›öëî ›œößþyö“þî ¢öA† ë=þ £ëÐ

¦þy¡y!ŸÇþyî öÇþöe !ŸŸÌö!ŸÇþyí# ¢y•yî’“þ öë „þ› x˜¢yöî !î!¦þ§ ¦þy¡y öŸö... ö¢£ x˜¢yöî !‰þ!£«“þ £ë “þyî ²ìí›/!m“þ#ë/“þ“þ#ë ¦þy¡yÐ öëö£“þ !ŸÇþyí# “þyî þ™!îöîŸ öíö„þ öŸ...y „þíÄ ¦þy¡yî ›y˜Ä öœ...Äîþ™!Ýþ ²ìíö› öŸö...- ö¢ö£“þ “þyî ›y“þ¦þy¡yî ›y˜Ä öœ...Ä îþ™!Ýþ !î”Äyœë þ™yàþÄ¢!‰þö“þ “þyî ²ìí› ¦þy¡yÐ

îy‚œy þ™yàþÄþ™ößþö„þ îÄî£“þ ~î‚ ö×!’„þöÇþ þ™yàþÌö!î!˜›öëî ¦þy¡y £œ ›y˜Ä ‰þ!œ“þ ¦þy¡yÐ x!•„þy‚Ÿ !ŸÇþyí#î ‡öîî/þ™!îöîŸî ¦þy¡y “þyö”î xyMþ!œ„þ ÷î!‰þöeÄî „þyîö’ ~£ ›y˜Ä ‰þ!œ“þ ¦þy¡y ˜ëÐ “þy£ þ™yàþÄþ™ößþ„þ ~î‚ þ™yàþÌö!î!˜›öëî ¦þy¡yîþ™!Ýþ “þyö”î x“þÄsþ ëöbî ¢öA† xyë_ „þîö“þ £ëÐ “þyîy ëyö“þ ›y˜Ä ‰þ!œ“þ ¦þy¡yî Ÿå• vþF‰þyî’¢£ îy„þîî!“þ ç !œ...˜î!“þö“þ x¦þÄßþ £ö“þ þ™yöî- !Ÿ!Çþ„þ/!ŸÇþö„þîy ö¢ !î¡ö ë œÇþ îy...öî˜Ð ö‹yî !”ö“þ £öî !ŸÇþyí#î ›yÄ¦þy¡yî vþF‰þyî’-Ÿ· îîÌö•y“þîþ™- îy„þÄ†àþ˜-Ÿ· ¦þy[þyî ²ì¦þ!“þî x˜†y›# £îyî ¢y›öíÄî vþþ™îÐ þ™yàþ„þö› “þyö”î îë¢ ç ›˜!¢„þ ¢y›öíÄî ¢öA† ¢A†!“þ öîö... „þ›y§ë# ç ¦þyî›œÌöö„þ!w„þ þ™yàþ îy...y £öëöŠÐ ö¢¦þyöî£ þ™yàþÌö!î!˜›ë ‰þœöîÐ îÄ„þî’ x‚öŸ xyöîy£# „þö›î !¦þ!_ö“þ ›y˜Ä ¦þy¡yî !î!¦þ§ ²ì„þî’ ¢Á™ö„þ ²ìyí!›„þ •yî’y !”ö“þ £öîÐ ~¦þyöî£ “þyîy ›y˜Ä ¦þy¡yë „þ!›„þ ¢y›íÄ x‹˜ „þîöîÐ !‰þsþyî ~î‚ ¦þyî²ì„þyöŸî ›y•Ä› !Ÿöþ¢öî ›y“þ¦þy¡y !ŸÇþyî vþö j ŸÄö„þ ¢eþ„þyöî îœy öëö“þ þ™yöî ÌöôôÌö

S1V Ÿ·¦þy[þyî îyvþyö˜y S2V ¦þyî@Ì£' ç ¦þyî²Ì„þyöŸî vþ§!“þ ¢y•˜ S3V ö>ï!…„þ ç !œ!…“þ î=þîÄ Ÿö˜ ç þ™övþ öîyGþy ç ”Çþ“þy x‹˜ S4V !îKþy˜¢Á¿“þ ç î!‰þ¢Á™§ >y˜!¢„þ“þy †àþ˜ S5V ˜y˜y˜ £!“þîy‰þ„þ ¢y>y!‹„þ- ‹y“þ#ë ç xyïsþ‹y!“þ„þ >œÄöîyö•î •yî’y ¢MþëÐ

>y“þ¦þy¡y !ŸÇþyî öÇþöe ¦þy¡y ç ¢y!£“þÄ ïöï ~£ ”!Ýþ öÇþöe£ †îc !”ö“þ £öîÐ îœy ç !œ!…“þ ¦þy¡yö„þ öîyGþyî Çþ>“þy ~î, î=þöîÄî >y•Äö> !„þ‚îy !œ!…“þ¦þyöî ö„þyö˜y î=þîÄö„þ ²Ì„þyŸ „þîyî Çþ>“þy >y“þ¦þy¡y þ™àþ˜ïöþ™yàþö˜î >•Ä !”öë x!‹“þ £ëÐ xyî ö¢ „þyîö’£ ¦þy¡y ²Ì„þyŸ ç îÄî£yöî ”Çþ „þöî ö“þyœy >y“þ¦þy¡y ‰þ‰þyî ²Ì•y˜ vþö j ŸÄÐ

î’ïöï¢>ö£î ¢>Ä„þ þ™!î!‰þ!“þ Sßþîî’-îÄO˜î’-ë=þîÄOö˜î ëíyëí †àþ˜ ç vþF‰þyî’ xî!£“þ £çëyV- xyd²Ì„þyöŸî >y•Ä> †övþ ö“þyœy- >y˜!¢„þ Ÿ!=þî !î„þyŸ ç þ™!îþ™!Tþ ¢y•˜- ¢„þ>yî î!_î !î„þyŸ- „þÒ˜y Ÿ!=þî !î„þyŸ- >y˜!¢„þ- ÷˜!“þ„þ- öîï!å•„þ- xyöî†>œ„þ ¢_yî !î„þyŸ- ßþy•#˜!‰þïsþy ç ¢!TþŸ#œ •yî’yî !î„þyŸ- þ™àþö˜î x¦þÄy¢ ¢!Tþ ~î, ¢y>y!‹„þ ç >y˜!¢„þ ¢Á™ö„þî !î„þyŸ ¢y•ö˜î öÇþöe ²Ìí> ¦þy¡yî ‰þ‰þy x“þÄyîŸÄ„þÐ

>y•Ä!>„þ ïßþöî !ŸÇþyî x˜Ä“þ> ²Ì•y˜ vþö j ŸÄ !ŸÇþyí#ö”î >ö•Ä >œÄöîy• †övþ ö“þyœyÐ þ™yàþ„þö>î ²Ì!“þ!Ýþ î‰þ˜yö“þ£ >œÄöîy• ëöíyþ™ë=þ¦þyöî ²Ì!“þšþ!œ“þÐ ¢y>y!‹„þ ˜Äyë!î‰þyî- ßþy•#˜“þy- ¢y>Ä- ö¢ï¼y“þc- †’“þsþ- •>!˜îöþ™Çþ“þy-˜y†!î„þö”î ö>ï!œ„þ x!•„þyî ç „þ“þîÄôôö²Ì¦þ!“þî ²Ì!“þšþœ˜ öë>˜ þ™yàþ„þö> îöëöŠ- þ™yŸyþ™y!Ÿ Þíy˜ öþ™öëöŠ ¢£>!>“þy- öëïí ¢y>y!‹„þ ‹#î˜ëyþ™ö˜î >ö“þy ‹î!î ²Ì¢A†Ð ~ ¢öîî >•Ä !”öë !ŸÇþyí#ö”î >˜ öíö„þ „þ¢‚ßþyî- xr•!îÙy¢- !œA†÷î¡>Ä- ‹y!“þö¦þ”- •>yr•“þy öë>˜ ”î £öî- ö“þ>˜£ “þyîy ë!=þîy”#- x˜¢!r•ê¢- ×ö>î ²Ì!“þ >ëy”yŸ#œ- þ™!îöîŸ ¢ö‰þ“þ˜ £öë vþàþöîÐ

দ্বিতীয় অধ্যায়

# মাধ্যমিক স্তরে প্রথম ভাষা বাংলার কাম্য শিখন সামর্থ্য

## বিষয়গত সামর্থ্য :

**তথ্যমূলক —** মূল পাঠে প্রবেশের আগে পাঠের নাম, রচয়িতার নাম, তাঁর সংক্ষিপ্ত পরিচয়, তাঁর বিভিন্ন রচনা সম্পর্কে জানতে পারা।

**বোধমূলক —** বিভিন্ন সাহিত্য সংরূপ এবং প্রকরণ সম্পর্কে নিজের অভিজ্ঞতা প্রকাশ করতে পারা।

- রচনার শব্দ ও বাক্যের অর্থ এবং প্রসঙ্গ ব্যাখ্যা করতে পারা।
- পাঠে ব্যক্ত ভাবনার সারাংশ নির্দেশ করতে পারা।
- পাঠ্য রচনাগুলিতে সময়ের বহুমাত্রিক ব্যবহার বিষয়ে অবহিত হওয়া এবং সে সম্পর্কে লিখিতভাবে আপন অভিমত প্রকাশ করতে পারা।
- চরিত্রের বৈশিষ্ট্য সম্পর্কে আপন মতামত ব্যক্ত করতে পারা।
- ক্রম অনুযায়ী পাঠে উল্লিখিত ঘটনা ও দৃশ্যের বর্ণনা দিতে পারা।
- পাঠ শেষ করার পর পাঠের অভ্যন্তরীণ প্রসঙ্গ সম্পর্কে তথ্য নির্দেশ করতে পারা।
- বিভিন্ন ঘটনা ও চরিত্রের গতিপ্রকৃতির তুলনা করতে পারা।
- পাঠ্য রচনাগুলিতে প্রস্ফুটিত ভাববৈশিষ্ট্যগুলি বিশদভাবে প্রকাশ করতে পারা।
- পাঠ্যপুস্তকে গৃহীত ভাবমূলগুলি সম্পর্কে নিজের ধারণা ব্যক্ত করতে পারা।

**তথ্য ও বোধমূলক সামর্থ্যের প্রয়োগ —**

- স্পষ্ট উচ্চারণে ছেদ ও ছন্দ অনুসারে পড়তে পারা।
- নতুন শেখা শব্দ স্বরচিত বাক্যে প্রয়োগ করতে পারা।
- উত্থাপিত বিভিন্ন প্রসঙ্গ সম্পর্কে অবহিত হয়ে লিখতে পারা।
- পাঠ্য রচনাগুলিতে প্রাপ্ত বক্তব্য সম্পর্কে আপন মতামত প্রকাশ করতে পারা।
- ভাবনার কোনো অভিনবত্বের সঙ্গে পরিচিত হয়ে নিজের ভাষায় তা বলতে/লিখতে পারা।
- রচনার ভাব বিশ্লেষণ করতে পারা।
- কোনো লেখকের রচনারীতি বিশ্লেষণ করে তার ভাবনাকে স্বচ্ছভাবে প্রকাশ করতে পারা।
- কোনো বক্তব্যের কারণ ও ফলাফল ব্যাখ্যা করতে পারা।
- পাঠ্য কোনো বিষয় সম্পর্কে তথ্য সহকারে বলতে/লিখতে পারা।
- পাঠবহির্ভূত কোনো বিশেষ বক্তব্যকে বিশদে ব্যাখ্যা করতে পারা।
- কোনো নির্দিষ্ট আঙ্গিকে নিজের বক্তব্য লিখে জানাতে পারা।
- সীমাবদ্ধ পরিসরে সারাংশ/ভাবার্থের আকারে বক্তব্যকে প্রকাশ করতে পারা।
- প্রদত্ত বিষয়ে নির্ধারিত শব্দসীমার মধ্যে প্রবন্ধ রচনা করতে পারা।

- প্রদত্ত সূত্র অবলম্বন করে গল্প নির্মাণ করতে পারা।
- মতামত বিনিময় করতে পারা।

**ভাষাগত সামর্থ্য**

- আরোহ-পদ্ধতিতে উদাহরণ থেকে সংজ্ঞার্থে অর্থাৎ প্রয়োগ-তত্ত্বে পৌঁছতে পারা।
- প্রয়োগ দৃষ্টান্তগুলিতে তত্ত্বের বৈশিষ্ট্য চিহ্নিত করতে পারা।
- পাঠ্য এবং পাঠ্যবহির্ভূত রচনায় অনুরূপ বৈশিষ্ট্যগুলিকে চিহ্নিত ও বিশ্লেষণ করতে পারা। যেমন— পাঠক্রম নির্দেশিত ধ্বনি-পরিবর্তনের বিভিন্ন নিয়ম জানতে এবং পাঠ্য ও পাঠ্যবহির্ভূত রচনায় পঠিত নিয়মগুলির প্রয়োগবৈশিষ্ট্য ব্যাখ্যাসহ চিহ্নিত করতে পারা।
- ব্যাকরণের বিভিন্ন তত্ত্ব ও শ্রেণিবিভাগ সম্পর্কে অবহিত হতে পারা এবং তাদের নতুন প্রয়োগ দেখাতে পারা।
- শব্দের বানানে মান্য আদর্শ অনুসরণ করতে পারা।
- নির্ভুল বাক্য গঠন এবং বিভিন্ন কাঠামোর বাক্য রচনা করতে পারা।
- বাক্যের অন্বয়গত শুদ্ধতা রক্ষা করতে পারা।
- শব্দ ও বাক্য ব্যবহারের পরিমিতি ও সামঞ্জস্য রক্ষা করতে পারা।
- প্রতিশব্দ, বিপরীতার্থ শব্দ, উপযুক্ত ছেদ-যতিচিহ্ন ব্যবহার করতে পারা।
- যথার্থভাবে অনুচ্ছেদ ব্যবহার করতে পারা।
- বাংলা ধ্বনির শ্রেণিবিভাগ জানতে পারা।
- সন্ধির সূত্রগুলি জানতে পারা এবং সেগুলি প্রয়োগ করতে পারা।
- শব্দ গঠনে উপসর্গ, অনুসর্গ, ধাতু এবং প্রত্যয়ের ভূমিকা পর্যালোচনা করতে পারা।
- বাংলা শব্দ-ভাণ্ডার সম্পর্কে অবহিত হতে পারা এবং প্রয়োগ থেকে তার প্রকারবৈচিত্র্যকে চিহ্নিত করতে পারা।
- শব্দ ও পদ, বিশেষ্য, বিশেষণ, সর্বনাম, অব্যয় এবং ক্রিয়াপদ সম্পর্কে বিস্তারিত জানতে পারা।

তৃতীয় অধ্যায়

## প্রজ্ঞামূলক ক্ষেত্রের প্রত্যাশিত শিখন ফলাফল (Expected learning outcome) এবং তার আনুষঙ্গিক ক্রিয়াশীল শব্দ

| প্রজ্ঞামূলক ক্ষেত্র (Cognitive Domain) | ক্রিয়াশীল শব্দাবলি (Action verbs) |
|---|---|
| i) Remembering (পূর্ব অভিজ্ঞতা স্মরণ করা) | (i) বক্তব্য লেখো (State) (ii) তালিকা প্রস্তুত করো (List) (iii) নাম বলো (Name) (iv) স্মরণ করো (Recall) (v) স্বীকৃতি দাও (Recognise) (vi) চিহ্নিত করো (Label) (vii) নির্বাচন করো (Select) (vii) পুনরুদ্রেক করো (Reproduce) (ix) পরিমাপ করো (Measure) (x) শনাক্ত করো (Recognise) (xi) সংজ্ঞার্থ দাও (define) ইত্যাদি। |
| ii) Understanding (উপলব্ধি করা) | (i) নির্বাচন করো (Select) (ii) উদাহরণ দাও (Give example) (iii) উপস্থাপন করো (Represent) (iv) কার্য-কারণ ব্যাখ্যা করো (Explain cause and effect) (v) ব্যাখ্যা করো (Explain) (vi) মিল ও অমিল খোঁজো (Compare) (vii) তুলনামূলক পার্থক্য নির্ণয় করো (Contrast) (viii) প্রভেদ করো (Discriminate) (ix) শ্রেণিকরণ করো (classify) (x) অনুবাদ করো (Translate) (xii) সংক্ষিপ্তাকারে প্রকাশ করো (Summarise) (xii) যুক্তি দাও (Justify) (xiii) উদাহরণসহ ব্যাখ্যা করো (Illustrate) (xiv) অনুমান করে সিদ্ধান্তে উপনীত হও (Infer) (xv) হাতে-কলমে প্রদর্শন করো (Demonstrate) |
| iii) Applying (প্রয়োগ করা) | (i) কারণ দেখাও (Give reason) (ii) সূত্রাকারে প্রকাশ করো (Formulate) (iii) প্রকল্প গঠন করো (Formulate Hypothesis) (iv) সূত্র প্রতিষ্ঠা করো (Establish law) (v) সম্পর্ক প্রতিষ্ঠা করো (Establish relationship) (vi) কী হতে পারে সে বিষয়ে আগাম ধারণা দাও (Predict) (vii) নির্বাচন করো (Select) (viii) যাচাই করো (Assess) (ix) পছন্দ করো (Choose) (x) প্রদর্শন করো (Demonstrate) (xi) গঠন করো (construct) (xii) সম্পাদন করো (Perform) ইত্যাদি |
| iv) Analysing (বিশ্লেষণ করা) | (i) বিশ্লেষণ করো (Analyse) (ii) উপসংহার পৌঁছাও (Conclude) (iii) পার্থক্য করা (Differentiate) (iv) নির্বাচন করো (Select) (v) আলাদা করো (Separate) (vi) সমাধান করো (Resolve) (vii) বিভিন্ন অংশে বিভক্ত করো (Break down) (viii) সমালোচনা করো (Criticise) (ix) নানাবিধ সম্পর্ক দেখাও (Show relationships) (x) সহজ করো (Simplify) (xi) কোনো সম্পূর্ণ জিনিসকে দুটি পর্বে ভাগ করো (Divide) (xii) বিশ্লেষণপূর্বক পরীক্ষা করো (Dissect) (xiii) কাজ (Function) (xiv) সিদ্ধান্ত জানাও (Infer) (xv) উদ্দেশ্য ব্যক্ত করো (Motive) (xvi) পুঙ্খানুপুঙ্খভাবে নিরীক্ষণ করো (Survey) |

| প্রজ্ঞামূলক ক্ষেত্র (Cognitive Domain) | ক্রিয়াশীল শব্দাবলী (Action verbs) |
|---|---|
| v) Evaluating (মূল্যায়ন করা) | (i) বিচার করে মীমাংসা করো (Judge) (ii) মূল্যায়ন করো (Evaluate) (iii) মীমাংসা করো (Determine) (iv) সমর্থন করো (Support) (v) নিজ বক্তব্যকে যুক্তি দিয়ে সমর্থন করো (Defend) (vi) সমালোচনা করো (Criticise) (vii) এড়িয়ে যাও (Avoid) (viii) নির্ধারণ করো (Assess) (ix) সম্মত হও (Agree) (x) গুরুত্ব নির্ধারণ করো (Appraise) (xi) বিচার করে রায় দাও (Award) (xii) নিশ্চিতভাবে স্থির করো (Decide) (xii) যুক্তি দিয়ে খণ্ডন করো (Disprove) (xiii) মূল্য বিচার করো (Estimate) (xiv) গুরুত্ব ব্যাখ্যা করো (Importance) (xv) প্রভাব আলোচনা করো (Influence) (xvi) ন্যায্যতা প্রতিপাদন করো (Justify) (xvii) পরিমাপ করো (Measure) (xix) মত প্রকাশ করো (Opine) (xx) সুপারিশ করো (Recommend) |
| vi) Creating (সৃষ্টি /উদ্ভাবন করা) | (i) বিভিন্ন জিনিসকে যুক্ত করো (Combine) (ii) অপ্রয়োজনীয় অংশ বাদ দাও (Delete) (iii) সংক্ষেপে লেখো (Precise) (iv) সামান্যীকরণ করো (Generalise) (v) তত্ত্ব দাও (Theorise) (vi) পরীক্ষা করে সত্যতা যাচাই করা (Test) (vii) বিস্তার ঘটাও (Elaborate) (viii) কোনো কিছু ধাপে ধাপে নির্মাণ করো (Build) (ix) পরিবর্তিত বা রূপান্তরিত করো (Change) (x) নির্বাচন করো (Choose) (xi) নকশা তৈরি করো (Design) (xii) আবিষ্কার করো (Invent) (xiii) সমস্ত কিছু একত্র করে বিন্যস্ত করো (Compose) (xiv) বিভিন্ন রচনা বা লেখা থেকে উপাদান সংগ্রহ করে সংকলন করো (Compile) (xv) কল্পনায় গঠন করো (Construct) (xiv) কাজের উৎকর্ষসাধন করো (Improve) (xvii) সর্বোচ্চ সীমায় নিয়ে যাও (Maximize) (xviii) সর্বনিম্ন সীমায় নিয়ে এসো (Minimize) (xix) ঈষৎ পরিবর্তন করো (Modify) (xx) মৌলিক উদ্ভাবন করো (Original) (xxi) আগামীতে কী হতে পারে সে বিষয়ে অনুমান করো (Predict) (xxii) সমাধান সূত্র খোঁজো (Solution) (xxiii) সমাধান করো (Solve) (xxiv) তত্ত্ব প্রতিষ্ঠা করো (Theory) (xxv) কোনো কিছুর স্বরূপ নির্ণয় করো (Test) |

## Bloom's Action Verbs

| Remembering | Understanding | Applying | Analyzing | Evaluating | Creating |
|---|---|---|---|---|---|
| Copy | Ask | Act | Advertise | Appraise | Adapt |
| Define | Associate | Administer | Analyze | Argue | Anticipate |
| Describing | Cite | Apply | Appraise | Assess | Arrange |
| Discover | Classify | Articulate | Break Down | Choose | Assemble |
| Duplicate | Compare | Calculate | Calculate | Compare | Choose |
| Enumerate | Contrast | Chang | Classify | Conclude | Collaborate |
| Examine | Convert | Chart | Compare | Consider | Collect |
| Identify | Demonstrate | Choose | Conclude | Convince | Combine |
| Label | Describe | Collect | Connect | Criticize | Compile |
| Listen | Differentiate | Complete | Contrast | Critique | Compose |
| List | Distinguish | Compute | Correlate | Debate | Construct |
| Locate | Estimate | Construct | Criticize | Decide | Create |
| Matching | Explain | Demonstrate | Deduce | Defend | Design |
| Memorize | Express | Determine | Devise | Discriminate | Develop |
| Name | Extend | Develop | Diagram | Distinguish | Devise |
| Observe | Generalize | Discover | Differentiate | Editorialize | Express |
| Omit | Give Examples | Dramatize | Discriminate | Estimate | Facilitate |
| Quote | Group | Employ | Dissect | Evaluate | Formulate |
| Read | Identify | Establish | Distinguish | Find Errors | Generalize |
| Recall | Illustrate | Experiment | Divide | Grade | Hypothesize |
| Recite | Indicate | Explain | Estimate | Judge | Imagine |
| Recognize | Infer | Illustrate | Evaluate | Justify | Infer |
| Record | Interpret | Interpret | Experiment | Measure | Integrate |
| Repeat | Judge | Interview | Explain | Order | Intervene |
| Reproduce | Observe | Judge | Focus | Persuade | Invent |
| Retell | Order | List | Illustrate | Predict | Justify |
| Select | Paraphrase | Manipulate | Infer | Rank | Make |
| State | Predict | Modify | Order | Rate | Manage |
| Tabulate | Relate | Operate | Organize | Recommend | Modify |
| Tell | Report | Paint | Outline | Reframe | Negotiate |
| Visualize | Representing | Practice | Plan | Score | Organize |
| | Research | Predict | Point-Out | Select | Originate |
| | Restate | Prepare | Prioritize | Summarize | Plan |
| | Review | Produce | Question | Support | Prepare |
| | Rewrite | Record | Select | Test | Produce |
| | Select | Relate | Separate | Weigh | Propose |
| | Show | Report | Subdivide | | Rearrange |
| | Summarize | Schedule | Survey | | Reorganize |
| | Trace | Show | Test | | Report |
| | Transform | Simulate | | | Revise |
| | Translate | Sketch | | | Rewrite |
| | | Solve | | | Role-Play |
| | | Teach | | | Schematize |
| | | Transfer | | | Simulate |
| | | Use | | | Solve |
| | | Write | | | Speculate |
| | | | | | Structure |
| | | | | | Support |
| | | | | | Validate |
| | | | | | Write |

# বাংলা পাঠক্রম ও পাঠ্যসূচি : নবম শ্রেণি

নবম শ্রেণির সাহিত্য সঞ্চয়ন একটি নির্দিষ্ট ভাবমূলকে ভিত্তি করে গড়ে ওঠেনি। *পাতাবাহার* ও *সাহিত্যমেলা*, অর্থাৎ তৃতীয় থেকে অষ্টম শ্রেণির পাঠ্যপুস্তকে ব্যবহৃত ভাবমূল (Theme) সমূহ থেকে নির্বাচিত কয়েকটিকে এখানে ব্যবহার করা হয়েছে। তাই প্রত্যেকটি পাঠ বিভিন্ন ভাবমূলের নানা দিককে, প্রথিতযশা কবি ও লেখকদের লেখার মধ্যে দিয়ে তুলে ধরে। ভাবমূলের বিন্যাস, শিক্ষাবর্ষের একটি নমুনা পাঠ পরিকল্পনা ও নতুন পাঠক্রম অনুযায়ী প্রশ্নের কাঠামো এবং নম্বরের বিভাজন নিম্নে দেওয়া হলো :

**সাহিত্য সঞ্চয়নের ভাবমূলের বিন্যাস :**

| পাঠের নাম | ভাবমূল |
|---|---|
| প্রথম পাঠ | প্রচলিত গল্পকথা ও আখ্যানের জগৎ |
| দ্বিতীয় পাঠ | আমার জগৎ |
| তৃতীয় পাঠ | দেশ-বিদেশের জগৎ |
| চতুর্থ পাঠ | রূপময় প্রকৃতি ও কল্পনা |
| পঞ্চম পাঠ | স্বদেশ ও স্বাধীনতা |
| ষষ্ঠ পাঠ | বন্ধুত্ব ও সমানুভূতি |

**শিক্ষাবর্ষে পাঠপরিকল্পনার পাঠক্রম ও সম্ভাব্য সময়সূচি :**

| মাসের নাম | | পাঠের নাম | |
|---|---|---|---|
| জানুয়ারি | প্রথম পর্যায় | কলিঙ্গদেশে ঝড়-বৃষ্টি এবং ব্যাকরণ ও নির্মিতির চর্চা | সহায়ক পাঠ বইয়ের ‘ব্যোমযাত্রীর ডায়রি’, ‘কর্ভাস’ এবং ‘স্বর্ণপর্ণী’ গল্প তিনটি পাঠ্যসূচির অন্তর্ভুক্ত। তিনটি পর্যায়ক্রমিক মূল্যায়নের ক্ষেত্রে উপরোক্ত ক্রম অনুসারে একটি করে গল্প পড়াতে হবে। |
| ফেব্রুয়ারি | | ধীবর-বৃত্তান্ত, ইলিয়াস এবং ব্যাকরণ ও নির্মিতির চর্চা | |
| মার্চ | | দাম, নোঙর এবং ব্যাকরণ ও নির্মিতির চর্চা | |
| এপ্রিল | দ্বিতীয় পর্যায় | নব নব সৃষ্টি, আকাশে সাতটি তারা এবং ব্যাকরণ ও নির্মিতির চর্চা | |
| মে | | চিঠি এবং ব্যাকরণ ও নির্মিতির চর্চা | |
| জুন ও জুলাই | | আবহমান, রাধারাণী এবং ব্যাকরণ ও নির্মিতির চর্চা | |
| আগস্ট | তৃতীয় পর্যায় | ভাঙার গান, হিমালয় দর্শন এবং ব্যাকরণ ও নির্মিতির চর্চা | |
| সেপ্টেম্বর | | আমরা, নিরুদ্দেশ এবং ব্যাকরণ ও নির্মিতির চর্চা | |
| অক্টোবর ও নভেম্বর | | চন্দ্রনাথ, খেয়া এবং ব্যাকরণ ও নির্মিতির চর্চা | |

## শিক্ষাবর্ষে তিনটি পর্যায়ে বিন্যস্ত পাঠ্যসূচি :

| পর্যায় | পাঠের নাম | |
|---|---|---|
| **প্রথম পর্যায়ক্রমিক মূল্যায়ন** (পূর্ণমান ৪০ + অন্তর্বর্তী প্রস্তুতিকালীন মূল্যায়ন ১০) মূল্যায়নের সময়কাল : এপ্রিল | কলিঙ্গদেশে ঝড়-বৃষ্টি। ধ্বনি ও ধ্বনি পরিবর্তন। | সহায়ক পাঠ বইয়ের ‘ব্যোমযাত্রীর ডায়রি’, ‘কর্ভাস’ এবং ‘স্বর্ণপর্ণী’ গল্প তিনটি পাঠ্যসূচির অন্তর্ভুক্ত। তিনটি পর্যায়ক্রমিক মূল্যায়নের ক্ষেত্রে উপরোক্ত ক্রম অনুসারে একটি করে গল্প পড়াতে হবে। |
| | ধীবর-বৃত্তান্ত, ইলিয়াস। শব্দ গঠন : উপসর্গ, অনুসর্গ। | |
| | দাম, নোঙর। ধাতু ও প্রত্যয়। ভাবসম্প্রসারণ। | |
| **দ্বিতীয় পর্যায়ক্রমিক মূল্যায়ন** (পূর্ণমান ৪০ + অন্তর্বর্তী প্রস্তুতিকালীন মূল্যায়ন ১০) মূল্যায়নের সময়কাল : আগস্ট | নব নব সৃষ্টি, আকাশে সাতটি তারা এবং বাংলা শব্দ-ভাণ্ডার। | |
| | চিঠি এবং ভাবার্থ ও সারাংশ। শব্দ ও পদ। | |
| | আবহমান, রাধারাণী। বিশেষ্য-বিশেষণ-সর্বনাম বিস্তারিত আলোচনা। | |
| **তৃতীয় পর্যায়ক্রমিক মূল্যায়ন** (পূর্ণমান ৯০ + অন্তর্বর্তী প্রস্তুতিকালীন মূল্যায়ন ১০) মূল্যায়নের সময়কাল : ডিসেম্বর | হিমালয় দর্শন, খেয়া, নিরুদ্দেশ, ভাঙার গান, চন্দ্রনাথ, আমরা এবং প্রথম ও দ্বিতীয় পর্যায়ক্রমিকের সমস্ত রচনা। অব্যয়, ক্রিয়া, গল্পলিখন এবং প্রবন্ধ রচনা এবং প্রথম ও দ্বিতীয় পর্যায়ক্রমিকের ব্যাকরণ ও নির্মিতির সমস্ত অধ্যায়। | |
| | প্রফেসর শঙ্কুর ডায়রির চিহ্নিত তিনটি গল্প | |

# ব্যাকরণ ও নির্মিতির পাঠক্রম ও পাঠসূচি (বাংলা প্রথম ভাষা)

## ব্যাকরণ অংশ

প্রথম অধ্যায় :

ধ্বনি ও ধ্বনি পরিবর্তন

* ধ্বনি : বাংলা ধ্বনির শ্রেণিবিভাগসহ বিস্তারিত আলোচনা।
* ধ্বনি পরিবর্তনের কারণ ও পরিবর্তনের বিভিন্ন রীতি।
* সন্ধি

দ্বিতীয় অধ্যায় :

* শব্দ গঠন : উপসর্গ, অনুসর্গ, ধাতু ও প্রত্যয়
* বাংলা শব্দ-ভাণ্ডার

তৃতীয় অধ্যায় :

* শব্দ ও পদ, বিশেষ্য-বিশেষণ-সর্বনাম-অব্যয়-ক্রিয়া বিস্তারিত আলোচনা

## নির্মিতি অংশ

* প্রবন্ধ রচনা

  বিভিন্ন বিষয়ের মধ্যে থাকবে—

  পরিবেশ　　বিজ্ঞান ও বৈজ্ঞানিক

  ভাষা-সাহিত্য-সংস্কৃতির নানান দিক

  সাম্প্রতিক ঘটনাবলি　　বিনোদন ও খেলাধুলো　　ভ্রমণ

* ভাবসম্প্রসারণ/ভাবার্থ/ স্যারাংশ / গল্পলিখন

# বাংলা (প্রথম ভাষা)

## দশম শ্রেণি

**শিক্ষাবর্ষে তিনটি পর্যায়ে বিন্যস্ত পাঠ্যসূচি :**

| পর্যায় | পাঠের নাম | | |
|---|---|---|---|
| **প্রথম পর্যায়ক্রমিক মূল্যায়ন**<br>(পূর্ণমান ৪০ + অন্তর্বর্তী প্রস্তুতিকালীন মূল্যায়ন ১০)<br>মূল্যায়নের সময়কাল : এপ্রিল | আয় আরো বেঁধে বেঁধে থাকি, জ্ঞানচক্ষু, আফ্রিকা, হারিয়ে যাওয়া কালিকলম, অসুখী একজন | কারক ও অকারক সম্পর্ক এবং অনুবাদ | কোনি- ১-৩৯ পাতা |
| | | | |
| **দ্বিতীয় পর্যায়ক্রমিক মূল্যায়ন**<br>(পূর্ণমান ৪০ + অন্তর্বর্তী প্রস্তুতিকালীন মূল্যায়ন ১০)<br>মূল্যায়নের সময়কাল : আগস্ট | বহুরূপী, অভিষেক, সিরাজদ্দৌলা, প্রলয়োল্লাস, পথের দাবী | সমাস এবং প্রতিবেদন | কোনি- ৩২-৫০ পাতা |
| | | | |
| **তৃতীয় পর্যায়ক্রমিক/নির্বাচনী মূল্যায়ন**<br>(পূর্ণমান ৯০ + অন্তর্বর্তী প্রস্তুতিকালীন মূল্যায়ন ১০)<br>মূল্যায়নের সময়কাল : ডিসেম্বর | সিন্ধুতীরে, অদল বদল, অস্ত্রের বিরুদ্ধে গান, বাংলা ভাষায় বিজ্ঞান, নদীর বিদ্রোহ এবং প্রথম ও দ্বিতীয় পর্যায়ক্রমিকের সমস্ত রচনা। | বাক্য, বাচ্য, সংলাপ রচনা, প্রবন্ধ রচনা এবং প্রথম ও দ্বিতীয় পর্যায়ক্রমিকের ব্যাকরণ ও নির্মিতির সমস্ত অধ্যায় | কোনি- সম্পূর্ণ বই |

## তৃতীয় পর্যায়ক্রমিক/নির্বাচনী পরীক্ষার জন্য প্রশ্নের কাঠামো ও নম্বর বিভাজন

| | বহু বিকল্পীয় প্রশ্ন (MCQ) | অতি সংক্ষিপ্ত উত্তরধর্মী প্রশ্ন (Very short Answer Type) | ব্যাখ্যাভিত্তিক সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন (Short and Explanatory) | রচনাধর্মী প্রশ্ন (Essay Type) | পূর্ণমান (Total) |
|---|---|---|---|---|---|
| গল্প | ০৩ | ০৪ | ০৩ | ০৫ | ১৫ |
| কবিতা | ০৩ | ০৪ | ০৩ | ০৫ | ১৫ |
| প্রবন্ধ | ০৩ | ০৩ | × | ০৫ | ১১ |
| নাটক | × | × | × | ০৪ | ০৪ |
| পূর্ণাঙ্গ সহায়ক গ্রন্থ | × | × | × | ৫+৫=১০ | ১০ |
| ব্যাকরণ | ০৮ | ০৮ | × | × | ১৬ |
| নির্মিতি | × | × | × | * প্রবন্ধ রচনা - ১০<br>* অনুবাদ - ০৪<br>সংলাপ রচনা অথবা প্রতিবেদন রচনা - ০৫ | ১৯ |

বাংলা প্রথম ভাষার ক্ষেত্রে উত্তর প্রদানের জন্য নির্ধারিত শব্দসংখ্যা:

১০ নম্বরের প্রশ্নের জন্য : কমবেশি ৪০০ শব্দ
০৫ নম্বরের প্রশ্নের জন্য : কমবেশি ১৫০ শব্দ
০৪ নম্বরের প্রশ্নের জন্য : কমবেশি ১২৫ শব্দ
০৩ নম্বরের প্রশ্নের জন্য : কমবেশি ৬০ শব্দ
০১ নম্বরের প্রশ্নের জন্য : কমবেশি ২০ শব্দ

* নির্মিতি অংশে প্রবন্ধ ও অনুবাদের উত্তর প্রদান বাধ্যতামূলক।

প্রথম ও দ্বিতীয় পর্যায়ক্রমিক মূল্যায়নের ক্ষেত্রে তৃতীয় পর্যায়ক্রমিক মূল্যায়নের প্রশ্নকাঠামো ও নম্বর বিভাজনের আনুপাতিক মান প্রযোজ্য হবে। এক্ষেত্রে যে যে বিষয় পাঠ্যসূচির অন্তর্গত থাকবে না তার মান প্রশ্নের অন্য বিষয়গুলিতে গুরুত্ব অনুসারে বণ্টিত হবে।

**অন্তর্বর্তী প্রস্তুতিকালীন মূল্যায়নের জন্য বরাদ্দ নম্বর - ১০**

MCQ-এর ক্ষেত্রে কোনো বিকল্প প্রশ্ন থাকবে না। VSA এর ক্ষেত্রে গল্পের ৫টির মধ্যে ৪টি, কবিতার ৫টির মধ্যে ৪টি, প্রবন্ধের ৪টির মধ্যে ৩টি প্রশ্নের উত্তর করতে হবে। SA এবং Essay type প্রশ্নের ক্ষেত্রে গল্প, কবিতা, প্রবন্ধ, নাটক থেকে একটি করে বিকল্প থাকবে। পূর্ণাঙ্গ সহায়ক গ্রন্থ থেকে ৩টি Essay type প্রশ্নের মধ্যে দুটির উত্তর করতে হবে। ব্যাকরণ অংশের VSA এর ক্ষেত্রে ১০টির মধ্যে ৮টির উত্তর করতে হবে। ৪টি প্রবন্ধের মধ্যে থেকে ১টির উত্তর করতে হবে। অনুবাদের ক্ষেত্রে কোনো বিকল্প প্রশ্ন থাকবে না। সংলাপ অথবা প্রতিবেদন— যে কোনো ১টির উত্তর করতে হবে।

**তৃতীয় পর্যায়ক্রমিক/নির্বাচনী পরীক্ষার জন্য প্রশ্নের কাঠামো মাধ্যমিক পরীক্ষার নির্দেশক।**

পঞ্চম অধ্যায়

# অন্তর্বর্তী প্রস্তুতিকালীন মূল্যায়ন

## প্রয়োগবিধির নির্দেশিকা

পশ্চিমবঙ্গ সরকারের বিদ্যালয় শিক্ষা দপ্তরের বিশেষজ্ঞ কমিটির সঙ্গে আলোচনা সাপেক্ষে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ, পর্ষদ অনুমোদিত সমস্ত বিদ্যালয়ে জানুয়ারি ২০১৫ থেকে অনুসরণের জন্য নতুন পাঠক্রম ও পাঠ্যসূচি-অনুযায়ী মূল্যায়ন পদ্ধতির রূপরেখা বিষয়ক একটি নির্দেশিকা জারি করেছিল। বিশেষজ্ঞ কমিটির বিস্তারিত সুপারিশের ভিত্তিতে ২০১৫ শিক্ষাবর্ষে নবম শ্রেণির প্রস্তুতিকালীন মূল্যায়ন সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে মধ্যশিক্ষা পর্ষদ-কর্তৃক বর্তমান নির্দেশিকাটি প্রকাশিত হল :

অন্তর্বর্তী প্রস্তুতিকালীন মূল্যায়নের ক্ষেত্রে প্রদত্ত ছয় ধরনের পদ্ধতি অনুসৃত হবে—১. সমীক্ষা (Survey), ২. প্রকৃতি পাঠ (Nature Study),৩. ক্ষেত্র বিশ্লেষণ (Case Study), ৪. সৃষ্টিশীল রচনা (Creative Writing), ৫. মডেল নির্মাণ (Model Making), ৬. শিখন সামগ্রীর সহায়তা নিয়ে মূল্যায়নে অংশগ্রহণ (Open Textbook Evaluation)।

পাঠ্য ৭টি বিষয়েই অন্তর্বর্তী প্রস্তুতিকালীন মূল্যায়নের ক্ষেত্রে উপরে প্রদত্ত পদ্ধতিগুলির মধ্যে একটি শিক্ষাবর্ষে যে-কোনো তিনটি নির্বাচন করতে হবে। প্রতিটি পর্যায়ের জন্য একটি করে পদ্ধতি অনুসৃত হবে। এইভাবে শিক্ষাবর্ষে মোট তিনটি পদ্ধতির চর্চা চলবে। প্রতিটি বিষয়ের এক বা একাধিক শিক্ষিকা/শিক্ষক তাঁদের স্বাধীন চিন্তাভাবনা অনুসারে পাঠ্যবিষয়ের সঙ্গে সামঞ্জস্য রেখে এই ছয়টির মধ্য থেকে যে-কোনো তিনটি নির্বাচন করতে পারবেন। কোনো একটি শ্রেণিতে একটি পদ্ধতিকে একবারই ব্যবহার করা যাবে। অর্থাৎ একটি শিক্ষাবর্ষে একজন শিক্ষার্থীর ক্ষেত্রে প্রতিটি পর্যায়ে আলাদা আলাদা পদ্ধতিতে অন্তর্বর্তী প্রস্তুতিকালীন মূল্যায়ন হবে।

১. অন্তর্বর্তী প্রস্তুতিকালীন মূল্যায়নের কাজটি সার্থক শিখনের উদ্দেশ্যে শিখন-শিক্ষণ প্রক্রিয়ায় আবশ্যিকভাবে অন্তর্ভুক্ত হবে।

২. প্রতিটি পর্যায়ক্রমিক মূল্যায়নের আগের পর্বে শ্রেণিকক্ষের অভ্যন্তরীণ পরিসরে চাপমুক্ত ও শিক্ষার্থীর বিবেচনাশক্তির প্রসার ও জ্ঞানের প্রায়োগিক দক্ষতা বৃদ্ধির অনুকূল হবে।

৩. মূল্যায়নের পদ্ধতি শ্রেণিশিক্ষার সঙ্গে অঙ্গাঙ্গীভাবে যুক্ত থাকবে এবং শিক্ষার্থীর বিবেচনাশক্তির প্রসার ও জ্ঞানের প্রায়োগিক দক্ষতা বৃদ্ধির অনুকূল হবে।

৪. অন্তর্বর্তী প্রস্তুতিকালীন মূল্যায়নের প্রক্রিয়া চলাকালীন সৃষ্টিশীল শিক্ষণ এবং নতুন নতুন পদ্ধতির উদ্‌ভাবন প্রত্যাশিত, মূল্যায়ন পদ্ধতি পরিকল্পনার সময় শিক্ষার্থীদের বিচিত্র ও বিভিন্ন চাহিদা ও দক্ষতার প্রতি নজর রাখা জরুরি। সমস্ত শিক্ষার্থী যাতে আবশ্যিকভাবে অংশগ্রহণ করে এবং প্রত্যেকে যেন উপকৃত হয় সেদিকে বিদ্যালয়ের তরফ থেকে সতর্ক দৃষ্টি রাখা প্রয়োজন।

৫. প্রতিটি বিদ্যালয়ে বিভিন্ন বিষয়ের শিক্ষিকা/শিক্ষক শিক্ষার্থী-বান্ধব পদ্ধতিতে এবং শিক্ষার্থীদের চাহিদার সঙ্গে সাযুজ্য রেখে সমীক্ষা, প্রকৃতিপাঠ, ক্ষেত্র বিশ্লেষণ, সৃষ্টিশীল রচনা, মডেল নির্মাণ এবং শিখন-সামগ্রীর সহায়তায় মূল্যায়নের ছয়টি ক্ষেত্রে হাতে-কলমে কাজের প্রকৃতি ও কাঠিন্যমাত্রা নির্ধারণ করবেন এবং সেই অনুযায়ী অন্তর্বর্তী প্রস্তুতিকালীন মূল্যায়নের পদ্ধতিও নিরুপণ করবেন। বিভিন্ন বিষয়ের অন্তর্বর্তী প্রস্তুতিকালীন মূল্যায়নের উপযোগী কিছু কিছু নমুনা অনুশীলনী এখানে দিয়ে দেওয়া হলো।

৬. আশা করা যায় মূল্যায়নের সময় শিক্ষার্থীকর্তৃক গৃহীত উদ্ভাবনী পদ্ধতিটিই প্রাধান্য পাবে। পরিণামী সিদ্ধান্তটি নয়, বরং শিক্ষার্থী'র চিন্তা প্রক্রিয়াটি মূল্যায়নের আওতায় আসা বাঞ্ছনীয়।

৭. অন্তর্বর্তী প্রস্তুতিকালীন মূল্যায়নের জন্য শ্রেণিকক্ষে সম্পাদিত যাবতীয় কাজের লিখিত নথি, যা শ্রেণি শিক্ষক কর্তৃক প্রদত্ত ও মূল্যায়িত এবং অভিভাবক কর্তৃক প্রত্যয়িত হতে হবে, নবম শ্রেণি সমাপ্ত না হওয়া পর্যন্ত প্রতি ছাত্রকে তা সংরক্ষণ করতে হবে এবং যে কোনো ভবিষ্যৎ প্রয়োজনে বিদ্যালয়ে জমা দিতে হবে।

৮. অন্তর্বর্তী মূল্যায়নের জন্য পরিকল্পিত উদ্ভাবনী শিখন-শিক্ষণ প্রক্রিয়ায় একজন ছাত্র/ছাত্রী নিম্নলিখিত উপায়ে তার দক্ষতাগুলি প্রকাশের সুযোগ পাবে :

- একটি বিষয়/ঘটনা /পরিস্থিতি / ছবিকে নিজের ভাষায় বর্ণনা।
- পরবর্তী অনুসন্ধান— একটি বিষয় /ঘটনা /পরিস্থিতি/ছবিকে ভিত্তি করে নতুন উদাহরণ, বিকল্প ব্যাখ্যা, নির্দিষ্ট বিষয়ভিত্তিক নতুন শব্দসম্ভার উদ্ভাবন ও প্রয়োগ।
- নির্দিষ্ট বিষয়ানুগ উদ্ভাবনী মতামত ও সুপারিশ প্রদান।
- বিভিন্ন সূত্র, ধারণা, প্রতর্ক, কথোপকথন প্রভৃতির সম্প্রসারণ।
- নির্দিষ্ট বিষয়ের নিরিখে কোনো ধারণার উপস্থাপন অথবা সমস্যা সমাধানে উদ্ভাবনী প্রক্রিয়ায় সুপারিশ।
- নির্দিষ্ট বিষয়ের নিরিখে বিভিন্ন বিষয়/ঘটনা/পরিবেশ/পরিস্থিতি -অনুযায়ী সিদ্ধান্তগ্রহণ, অনুমান ও উত্তর অনুসন্ধান।
- শিক্ষার্থীর স্বতন্ত্র ও মৌলিক সৃষ্টিশীলতার প্রতি সর্বদা সতর্ক নজর রাখতে হবে।

# অন্তর্বর্তী প্রস্তুতিকালীন মূল্যায়নের পদ্ধতি

## ১. সমীক্ষা (Survey) :

কোনো একটি সুনির্দিষ্ট উদ্দেশ্য বা পূর্ব-নির্দেশিত অভীষ্ট অর্জনের লক্ষ্যে যখন তথ্য সংগ্রহ করা হয় এবং সেই সংগৃহীত তথ্য বিশ্লেষণের ফলে তা সংশ্লিষ্ট বিষয়ে সিদ্ধান্ত অর্জনে সাহায্য করে, আমরা সেই প্রক্রিয়াটিকেই সমীক্ষা বলে থাকি (ডেভিন কোয়ালজিক্, ২০১৩)। অন্তর্বর্তী প্রস্তুতীকালীন মূল্যায়নের ক্ষেত্রে সমীক্ষার প্রক্রিয়াটি বিষয়-কেন্দ্রিক, সুতরাং তা সুনির্দিষ্ট বিষয়ের প্রত্যাশিত শিখন সামর্থ্যের প্রতিফলন ঘটায়। শিক্ষিকা/শিক্ষকের সচেতন তত্ত্বাবধানে শিক্ষার্থীরা সংগৃহীত তথ্য এবং বিশ্লেষণের নিরিখে শিখন-সহায়ক ও গঠনমূলক দৃষ্টিভঙ্গি গ্রহণে সমর্থ হয়।

## ২. ক্ষেত্র বিশ্লেষণ (Case Study) :

কোনো একটি ঘটনা/গল্প বা পরিপ্রেক্ষিতকে কেন্দ্র করে ক্ষেত্রবিশ্লেষণ প্রক্রিয়াটিকে গড়ে তোলা হয়। সাধারণত এই ঘটনা/গল্প বা পরিপ্রেক্ষিত শিক্ষার্থীদের সামনে একটি বাস্তবগ্রাহ্য, জটিল এবং দ্বন্দ্বময় পরিস্থিতির সৃষ্টি করে। এই ঘটনাক্রমের মধ্যে নিহিত দ্বিধা-দ্বন্দ্ব বা সমস্যাটিকে শিক্ষার্থীরা তাঁদের অর্জিত সামর্থ্য প্রয়োগ করে বিশ্লেষণ বা সমাধানে তৎপর হয়। এর ফলে নির্দিষ্ট বিষয় বা পরিপ্রেক্ষিত সম্পর্কে শিক্ষার্থীরা যেমন গভীরভাবে ভাবতে শেখে, ঠিক তেমনই সংশ্লিষ্ট বিষয়ে একটি সামগ্রিক ধারণা অর্জন করে। এই ক্ষেত্রে কোনো একটি শিখন-একক সম্পর্কে শিক্ষার্থীরা তলিয়ে ভাবার গুরুত্বকে যেমন উপলব্ধি করে, তেমনই একইভাবে বিষয় নির্দিষ্ট প্রেক্ষিতটির অবস্থা-পরিস্থিতি বা মূল্যবোধের যাথার্থ্যকে অনুধাবন করতে অনুপ্রাণিত হয়।

## ৩. প্রকৃতি পাঠ (Nature Study) :

প্রকৃতি পাঠকে একটি প্রক্রিয়া হিসেবে ভাবলে বলা যায়, কোনো কিছুকে আমরা যেভাবে দেখি এবং সেই দেখার নিরিখে সংশ্লিষ্ট বিষয়টি সম্পর্কে যে যথাযথ সিদ্ধান্তে উপনীত হই, প্রকৃতি পাঠ সেই পদ্ধতিটিরই নির্যাস (হাইড বেইলি, ১৯০৪)। শিখনের অঙ্গ হিসেবে চারপাশের গাছপালা, পশু-পাখি এবং মানুষের কার্যকলাপ খুঁটিয়ে পর্যবেক্ষণ করার দক্ষতা প্রকৃতিপাঠের অবিচ্ছেদ্য অংশ। তাই প্রকৃতিপাঠের মাধ্যমে যুক্তি-নির্ভর ও বিজ্ঞানমনস্ক দৃষ্টিভঙ্গির সঙ্গে ব্যক্তি-অভিজ্ঞতা, অনুভূতি এবং নিজের পারিপার্শ্ব সম্পর্কে সচেতনতার সার্থক সমন্বয় ঘটে।

## ৪. মডেল নির্মাণ (Model Making) :

মডেল হলো একটি কাঠামো বা নমুনা বা খসড়া (যা বস্তুর প্রকৃত আকারের থেকে ছোটো বা বড়ো হতে পারে)। আবার বাস্তব জিনিস ছাড়াও মডেল একটি সম্পূর্ণ মানস-পরিকল্পিত গঠনও হতে পারে (ম্যুলার সায়েন্স, ১৯৭১)। মানব মনের কোনো ধারণা বা কাল্পনিক চিন্তার যুক্তিসিদ্ধ প্রকাশ ঘটে মডেল নির্মাণের মাধ্যমে। এই পদ্ধতিতে শিক্ষার্থীরা হাতে কলমে কাজের মাধ্যমে কোনো বিমূর্ত ধারণা বা চিন্তাকে বাস্তবগ্রাহ্য মূর্তরূপ দিতে শেখে। কোনো বিমূর্ত ধারণার দ্বি-মাত্রিক বা

ত্রি-মাত্রিক রূপ মডেলের সাহায্যে প্রকাশিত হয়। মডেল নির্মাণের সাহায্যে শিক্ষার্থীদের যেমন সমালোচনামূলক দৃষ্টিভঙ্গি এবং সৃষ্টিশীল চিন্তা ভাবনা গড়ে ওঠার সুযোগ থাকে, তেমনই সমস্যা সমাধানে দক্ষতা এবং সিদ্ধান্ত গ্রহণের সামর্থ্যও অর্জিত হয়।

### ৫. সৃষ্টিশীল রচনা (Creative Writing) :

সৃষ্টিশীল রচনার মাধ্যমে মৌলিক চিন্তা এবং সমালোচনামূলক দৃষ্টিভঙ্গির অর্থপূর্ণ প্রকাশ ঘটে। এক্ষেত্রে বিষয়-কেন্দ্রিক বিভিন্ন শিখন-সামর্থ্য অর্জনের প্রক্রিয়া হিসাবে, 'সৃষ্টিশীল রচনা' পদ্ধতিটির প্রয়োগ ঘটবে। শিক্ষার্থীদের মৌলিক চিন্তা এবং সমালোচনামূলক দৃষ্টিভঙ্গির ব্যবহারিক চর্চা তাঁর বহুমুখী শিখন-পরিকল্পনাকে যথার্থ রূপ দেয়। শিক্ষার্থীর দৃষ্টিভঙ্গির লিখিত প্রকাশে যখন কোনো বিষয় সম্পর্কে স্বচ্ছ ধারণা পরিস্ফুট হয়, তখন সে শিক্ষিকা/শিক্ষকের সহায়তায় সেই সংশ্লিষ্ট বিষয়টির নান্দনিক মূল্যকে মূল্যায়নের সামর্থ্য অর্জন করে।

### ৬. পাঠ্যপুস্তক ও শিখন সামগ্রীর সহায়তায় মূল্যায়ন (Open Textbook Evaluation ) :

এই শিখন প্রক্রিয়াটি জীবনের বাস্তব অভিজ্ঞতা ও অনুভূতির সঙ্গে সরাসরি সংযুক্ত। শিখনের মূল উদ্দেশ্য যে নীতিকে অবলম্বন করে সার্থকতা লাভ করে, পাঠ্যপুস্তক ও শিখন সামগ্রীর সহায়তায় মূল্যায়ন প্রক্রিয়াটিতেও তার প্রতিফলন ঘটে। শ্রেণিশিখনের যথাযথ আদান প্রদান এবং সার্বিক অংশগ্রহণও এই পদ্ধতির ক্ষেত্রে বিবেচ্য। তাই অর্জিত শিখন সামর্থ্যের চর্চা কিংবা প্রতিফলনেই এটি সীমাবদ্ধ থাকে না, শিখন-দক্ষতাকে নানান ভাব ও রূপে কাজে লাগানোর এবং প্রকাশ করার সামর্থ্যেরও মূল্যায়ন ঘটে। এক্ষেত্রে শিক্ষার্থী বহুমাত্রিক শিখন-পরিকল্পনা গ্রহণে দক্ষ হয়ে ওঠে—যেমন সে একাধিক পাঠ্যবিষয়ের তাৎপর্যবাহী অংশটি আবিষ্কার করতে শেখে, তেমনই অতিরিক্ত বা তুলনামূলকভাবে কম গুরুত্বপূর্ণ অংশকে পরিহার করতে প্রয়াসী হয়। ফলস্বরূপ সে একাধিক পাঠের অন্যান্য তথ্য-তত্ত্বের বেড়াজাল ডিঙিয়ে, সংশ্লিষ্ট পাঠটির কেন্দ্রীয় ভাবনা বা ধারণাটির মর্মোদ্ধার করতে সমর্থ হয়।

## অন্তর্বর্তী প্রস্তুতিকালীন মূল্যায়নের জন্য নির্ধারিত পদ্ধতিসমূহ ও প্রয়োগকৌশল

### পাঠক্রম কেন্দ্রিক ও শ্রেণিশিখন নির্ভর

| পদ্ধতির নাম (Name of the Method) | পদ্ধতি বিষয়ক (About the Method) | | প্রকরণ-প্রক্রিয়া (Process-Methodology) | নমুনা Example |
|---|---|---|---|---|
| | শিখন উদ্দেশ্য (Learning Objective) | প্রত্যাশিত শিখন সামর্থ্য (Expected Learning Outcome) | শ্রেণিশিখনের জন্য নির্ধারিত প্রক্রিয়া (Methodology) | বিষয়ভিত্তিক নমুনা (Subject-specific Example) |
| ১. সমীক্ষা (Survey) | ● নির্দিষ্ট প্রেক্ষিতের নিরিখে পরিচিত এবং অপরিচিত উপাদানের তথ্য সংগ্রহ।<br>● কাজের পর্যায়ক্রম নির্ধারণ ও অনুসরণ করা।<br>● সংগৃহীত তথ্যের একত্রীকরণ<br>● একত্রিত তথ্যের বিশ্লেষণ ও ব্যাখ্যা।<br>● সিদ্ধান্ত নথিবদ্ধকরণ এবং মূল্যায়ন। | ● তথ্যসংগ্রহ। সংগৃহীত তথ্যের বিশ্লেষণ এবং সিদ্ধান্ত গ্রহণের সামার্থ্য অর্জন। | ● শিক্ষার্থীদের নির্দিষ্ট প্রেক্ষিত দেওয়া হবে। সেই প্রেক্ষিতের নিরিখে শিক্ষার্থীরা দলগত/এককভাবে তথ্যসংগ্রহ করবে। সংগৃহীত তথ্যের বিশ্লেষণ -মূল্যায়ন সম্বলিত নথি শিক্ষিকা/শিক্ষকের কাছে জমা দেবে। | ● বিভিন্ন বিষয়ভিত্তিক উদাহরণের জন্য নির্দিষ্ট বিষয়ের সংযোজিত অংশ দেখুন। |
| ২. প্রকৃতিপাঠ (Nature Study) | ● চারপাশের পরিবেশ (গাছপালা, পশু-পাখি এবং মানুষের কার্যকলাপ সম্বলিত বিভিন্ন ঘটনা) পর্যবেক্ষণ।<br>● পঞ্জিকরণ।<br>● পঞ্জিকৃত তথ্যের অনুধাবন। | ● পর্যবেক্ষণ এবং সমালোচনামূলক দৃষ্টিভঙ্গি গঠন। | ● শিক্ষার্থীদের নির্দিষ্ট বিষয় দেওয়া হবে। তারা সেই বিষয়ের খুঁটিনাটি পর্যবেক্ষণ করে দলগত/এককভাবে মতামত সম্বলিত প্রতিবেদন প্রস্তুত করবে। শিক্ষিকা/শিক্ষকের কাছে তা জমা দেবে। | ● বিভিন্ন বিষয়ভিত্তিক উদাহণের জন্য নির্দিষ্ট বিষয়ের সংযোজিত অংশ দেখুন। |
| ৩. ক্ষেত্র বিশ্লেষণ (Case Study) | ● নির্দিষ্ট ঘটনার নিরিখে সমস্যা বা বিচার্য বিষয় উপলব্ধি।<br>● সমাধানের সম্ভাব্য উপায়গুলি নির্ধারণ।<br>● পরিস্থিতির বিচারে সবচেয়ে উপযুক্ত সমাধানটি নিরুপণ। | ● দলগত / এককভাবে সমস্যা বা বিচার্য বিষয় বিশ্লেষণ।<br>● সমাধান নির্ণয়।<br>● সমাধানসূত্র আদান-প্রদানের সামর্থ্য অর্জন। | ● প্রদত্ত অবস্থা / ঘটনা / প্রেক্ষিত / পরিস্থিতি-র ভিত্তিতে শিক্ষার্থীরা দলগত / এককভাবে সমস্যা সমাধানের সচেষ্ট হবে। | ● বিভিন্ন বিষয়ভিত্তিক উদাহরণের জন্য নির্দিষ্ট বিষয়ের সংযোজিত অংশ দেখুন। |

## অন্তর্বর্তী প্রস্তুতিকালীন মূল্যায়নের জন্য নির্ধারিত পদ্ধতিসমূহ ও প্রয়োগকৌশল

### পাঠক্রম কেন্দ্রিক ও শ্রেণিশিখন নির্ভর

| পদ্ধতির নাম (Name of the Method) | পদ্ধতি বিষয়ক (About the Method) | | প্রকরণ-প্রক্রিয়া (Process-Methodology) | নমুনা Example |
|---|---|---|---|---|
| | শিখন উদ্দেশ্য (Learning Objective) | প্রত্যাশিত শিখন সামর্থ্য (Expected Learning Outcome) | শ্রেণিশিখনের জন্য নির্ধারিত প্রক্রিয়া (Methodology) | বিষয়ভিত্তিক নমুনা (Subject-specific Example) |
| **৪. সৃষ্টিশীল রচনা (Creative Writing)** | ● সৃষ্টিশীল ভাবনার পরিমার্জন, পরিবর্ধন ও লিখিত মৌলিক প্রকাশ। | ● কোনো নির্দিষ্ট ঘটনা / বিষয়ে শিক্ষার্থী তার মৌলিক ধারণা ও ভাবনার সৃজনশীল প্রকাশ / বর্ণনার অর্জন করবে। | ● শিক্ষার্থীরা কাল্পনিক সংলাপ, অনুচ্ছেদ, আখ্যান ইত্যাদি রচনা করবে। | ● বিভিন্ন বিষয়ভিত্তিক উদাহরণের জন্য নির্দিষ্ট বিষয়ের সংযোজিত অংশ দেখুন। |
| **৫. মডেল নির্মাণ (Model Making)** | ● বিমূর্ত ভাবনা বা ধারণাকে মূর্ত করা।<br>● সৃষ্টিশীল এবং পরীক্ষামূলক কাজের মাধ্যমে নির্দিষ্ট বিষয়কে বিশদে ব্যাখ্যা করা। | ● উদাহরণ বা দৃষ্টান্ত সহযোগে কোনো নির্দিষ্ট ধারণাকে স্পষ্টভাবে ব্যক্ত করার সক্ষমতা। | ● শিক্ষার্থীরা বিভিন্ন রকমের মডেল, কাঠামো, চার্ট, সময়-সারণী (দ্বি-মাত্রিক / ত্রি-মাত্রিক) প্রভৃতি করবে। | ● বিভিন্ন বিষয়ভিত্তিক উদাহরণের জন্য নির্দিষ্ট বিষয়ের সংযোজিত অংশ দেখুন। |
| **৬. পাঠ্য পুস্তক ও শিখন সামগ্রীর সহায়তায় মূল্যায়ন (Open Textbook Evalution)** | ● কোনো নির্দিষ্ট প্রেক্ষিতের নিরিখের প্রাসঙ্গিক তথ্যাদি চিহ্নিতকরণ এবং তার কার্যকর ব্যবহার।<br>● কোনো ঘটনার মর্মার্থ অনুধাবন করে, সেই অনুসারে কাজ করা। | ● সুনির্দিষ্ট দৃষ্টিকোণ থেকে কোনো ঘটনাকে অনুধাবন ও বিশ্লেষণ করার সক্ষমতা অর্জন।<br>● প্রদত্ত প্রেক্ষিতের সাপেক্ষে কার্যকর ভূমিকা পালনের দক্ষতা অর্জন | ● শিক্ষার্থীরা প্রদত্ত পাঠ-সম্ভারের ভিত্তিতে নির্মিত প্রশ্নাবলির (প্রায়োগিক সিদ্ধান্তমূলক ও মূল্যবোধ-সম্পর্কিত) উত্তর অনুসন্ধান করবে। | ● বিভিন্ন বিষয়ভিত্তিক উদাহরণের নির্দিষ্ট বিষয়ের সংযোজিত অংশ দেখুন। |

# নবম শ্রেণির জন্য

## নমুনা

## ● সমীক্ষা (Survey)

### শিক্ষক/শিক্ষিকার জন্য

নারায়ণ গঙ্গোপাধ্যায়ের 'দাম' ছোটোগল্পটি আজকের সমীক্ষার জন্য নির্বাচিত পাঠ। শিক্ষার্থীদের পাঁচটি দলে গোটা শ্রেণিকক্ষকে ভাগ করে নেওয়া হবে। শিক্ষার্থীরা 'বাংলা শব্দভাণ্ডার' পড়েছে। 'দাম' ছোটোগল্প থেকে পাঁচটি দলের কাজ হলো তৎসম, অর্ধতৎসম, তদ্ভব, দেশি, বিদেশি এবং সংকর শব্দের নমুনা চিহ্নিতকরণ, নির্বাচন, শ্রেণিকরণ, শব্দের পরিমাণ নির্ণয় ও আদানপ্রদান। এই সঙ্গে তারা এককভাবে প্রস্তুত মৌলিক দৃষ্টান্তসহ সংক্ষিপ্ত প্রতিবেদন নির্দেশমতো তৈরি করবে।

### শিক্ষার্থীদের জন্য

দলগতভাবে নমুনা চিহ্নিতকরণ এবং শ্রেণিকরণের কাজ। শ্রেণিকরণের নিরিখে গল্পে ব্যবহৃত ঐ শ্রেণির নির্ণয়। প্রতিটি দলের শিক্ষার্থী নিজের ধারণা থেকে একটি বা দুটি করে বিভিন্ন শ্রেণির নমুনাসহ প্রতিবেদন শিক্ষকের কাছে জমা দেবে। প্রতিটি দল একটি করে শ্রেণির শব্দ নিয়ে কাজ করবে এবং সেই দলের সব সমস্যা অন্য শ্রেণির শব্দ নিয়ে কাজ করবে। সেই দলের সব সদস্য অন্য শ্রেণিগুলি থেকে ব্যক্তিগতভাবে শব্দের উদাহরণ লিপিবদ্ধ করবে বা কোনো একটি শ্রেণি বিষয়ে তিন-চারটি বাক্য লিখবে।

একইভাবে, যদি সেই পর্যায়ে সন্ধি পড়ানো হয়, তাহলে কাজটি হবে বাক্য থেকে সন্ধিবদ্ধ পদ খুঁজে বের করা এবং পরবর্তীতে দলগতভাবে স্বর / ব্যঞ্জন/বিসর্গসন্ধি নির্ণয় ও সন্ধিবদ্ধ পদ বিশ্লেষণ করে তালিকা নির্মাণ, পাঠ্যে ব্যবহৃত পদের পরিমাণ নির্ণয়। এভাবে ব্যাকরণের পাঠ্যসূচি অনুসারে যে কোনো ধরনের বিষয় (যেমন উপসর্গ, প্রত্যয় প্রভৃতি) এক্ষেত্রে দেওয়া যেতে পারে।

[ নির্ধারিত সময়: ৪৫/৪০ মিনিট — কাজটি সকলের সঙ্গে আদানপ্রদানের জন্য ১০ মিনিট + কাজটি দলগত/একক ভাবে করার জন্য ২৫ মিনিট + সামগ্রিক আদানপ্রদান ১০/৫ মিনিট ]

## ● প্রকৃতিপাঠ (Nature Study)

### শিক্ষক/শিক্ষিকার জন্য

'দাম' গল্পের কথক সুকুমার গল্পের কেন্দ্রীয় চরিত্র। গল্প থেকে তাঁর কার্যকলাপের একটি ঘটনামুহূর্ত নির্বাচন করা হবে। শিক্ষার্থীরা সেই অংশটি পাঠ করে ব্যক্তিত্বের প্রকৃতি নিরূপণের চেষ্টা করবে।

'দাম' গল্পের নিম্নলিখিত অংশটি শিক্ষিকা / শিক্ষক ব্ল্যাকবোর্ডে লিখে দেবেন।

### শিক্ষার্থীদের জন্য

**নীচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও :**

*বুড়ো প্রিন্সিপ্যাল পর্যন্ত মুগ্ধ হয়ে আমাকে বললেন, ভারী চমৎকার বলেছেন আপনি, যেমন সারগর্ভ, তেমনি সুমধুর।*

*আমি বিনীত হাসিতে বললুম, আজ শরীরটা তেমন ভালো নেই, তাই মনের মতো করে বলতে পারলুম না।*

*পাশে দাঁড়িয়ে থাকা ছেলেরা বিস্ময়ে চোখ কপালে তুলল।*

*শরীর ভালো নেই, তাতেই এরকম বললেন স্যার, শরীর ভালো থাকলে তো —*

*অর্থাৎ প্রলয় হয়ে যেত। আমি উদার হাসি হাসলুম। যদিও মনে মনে জানি, এই একটি সর্বার্থসাধক বক্তৃতাই আমার সম্বল, রবীন্দ্র জন্মোৎসব থেকে বনমহোৎসব পর্যন্ত এটাকেই এদিক ওদিক করে চালিয়ে দিই।*

- বক্তা সুকুমার শরীর ভালো না থাকার ভান করেছেন কেন বলে তোমার মনে হয়?
- একটি বক্তৃতাই এদিক ওদিক করে বিভিন্ন জায়গায় চালিয়ে দেওয়া চরিত্রের কোন দিককে প্রকাশ করে?
- উদ্ধৃত অংশে সামগ্রিকভাবে বক্তার চরিত্রের কোন্ দিক ফুটে উঠেছে?

[ নির্ধারিত সময়:৪৫/৪০ মিনিট — কাজটি সকলের সঙ্গে আদানপ্রদানের জন্য ১০ মিনিট + কাজটি দলগত/একক ভাবে করার জন্য ২৫ মিনিট + সামগ্রিক আদানপ্রদান ১০/৫ মিনিট ]

## • ক্ষেত্র বিশ্লেষণ (Case Study)

### শিক্ষক/শিক্ষিকার জন্য

‘দাম’ গল্প পাঠের পর এই গল্পের চরিত্রগুলির বিভিন্ন দিক সম্পর্কে শিক্ষার্থীদের মনে একটি ধারণা গড়ে উঠেছে। চরিত্রের সেই বিশেষত্বগুলি বজায় রেখে একটি কাল্পনিক ঘটনামুহূর্তের নিরিখে চরিত্রগুলির ভূমিকা বা প্রতিক্রিয়া সম্পর্কে মতামত গঠন। তাই ‘দাম’ গল্পের নিরিখে একটি কাল্পনিক অনুচ্ছেদ রচনা করে দু-একটি প্রশ্নের মাধ্যমে বিচার্য বিষয়টিকে শিক্ষার্থীরা অনুধাবন করে নিজেদের মতামত লিখতে পারছে কিনা তা দেখে নিতে হবে।

### শিক্ষার্থীদের জন্য

**নীচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও :**

সুকুমারের মাস্টারমশাই অত্যন্ত নিষ্ঠার সঙ্গে ছাত্রদের শেখাতেন। তাঁর অঙ্কে অসামান্য দক্ষতা ছিল। কিন্তু ছেলেদের অঙ্ক না পারা তিনি সহ্য করতে পারতেন না। তাই সব পড়ুয়াই তাঁর ক্লাসে তটস্থ হয়ে থাকত। স্কুলের বার্ষিক পত্রিকায় একবার একটি ছেলে ছদ্মনামে মাস্টারমশাইয়ের কড়া শাসনের বিভীষিকার কথা জানিয়ে একটি গল্প লিখল। মাস্টারমশাই ছাত্রের বেনামে লেখা সেই গল্পটি পড়লেন।

প্রশ্ন: (১) অঙ্ক কষতে না পারার ব্যাপারটিকে মাস্টারমশাই মন থেকে মেনে নিতে পারতেন না কেন?

(২) গল্পটি পড়ার পর মাস্টারমশাইয়ের প্রতিক্রিয়া ও আচরণ কেমন হয়েছিল বলে তোমার মনে হয়?

[ নির্ধারিত সময়:৪৫/৪০ মিনিট — কাজটি সকলের সঙ্গে আদানপ্রদানের জন্য ১০ মিনিট + কাজটি দলগত/একক ভাবে করার জন্য ২৫ মিনিট + সামগ্রিক আদানপ্রদান ১০/৫ মিনিট ]

## ● সৃষ্টিশীল রচনা (Creative Writing)

### শিক্ষক/শিক্ষিকার জন্য

'দাম' গল্পটি পাঠ করার পরে সেই গল্পের ভিত্তিতে একটি সৃষ্টিশীল, কাল্পনিক সংলাপ লিখতে দেওয়া হবে।

### শিক্ষার্থীদের জন্য

'আমি তাঁকে দশ টাকায় বিক্রি করেছিলুম। এ অপরাধ আমি বইব কী করে, এ লজ্জা আমি কোথায় রাখব।'

'দাম' গল্পের শেষে বক্তা সুকুমারের অপরাধবোধ, লজ্জা ও অনুশোচনার কথা পাঠক হিসাবে আমরা অনুভব করি। কিন্তু মাস্টারমশাইয়ের কাছে এই অনুশোচনা প্রকাশের কথা গল্পে নেই। শিক্ষার্থীরা সুকুমারের অনুতাপের কথা কল্পনা করে মাস্টারমশাইয়ের সঙ্গে সুকুমার কথা বলছে — এমন পরিস্থিতির কথা কথোপকথনের আকারে ১০টি বাক্যে লিখবে।

[ নির্ধারিত সময়: ৪৫/৪০ মিনিট — কাজটি সকলের সঙ্গে আদানপ্রদানের জন্য ১০ মিনিট + কাজটি দলগত/একক ভাবে করার জন্য ২৫ মিনিট + সামগ্রিক আদানপ্রদান ১০/৫ মিনিট ]

## ● মডেল নির্মাণ (Model Making)

### শিক্ষক/শিক্ষিকার জন্য

'দাম' গল্পটির নিরিখে কথকের মানসিকতার বিবর্তনের কয়েকটি ঘটনাক্রম চিহ্নিত করা হবে। শিক্ষার্থীরা চিহ্নিত ঘটনাগুলি পড়ে চরিত্রের মানসিক অবস্থান / বিবর্তন বিষয়ে নিজেদের মতামত লিখবে। প্রয়োজনে দু-একটি দৃষ্টান্ত দিয়ে দেখিয়ে দেওয়া যেতে পারে।

### শিক্ষার্থীদের জন্য

| ঘটনা | মতামত |
|---|---|
| ১. 'ছবির মতো অঙ্কটা সাজিয়ে দিয়েছেন' | মাস্টারমশাই অঙ্কে অসামান্য দক্ষ ছিলেন। |
| ২. 'পুরুষ মানুষ হয়ে অঙ্ক পারিসনে' | অঙ্কে নিবেদিতপ্রাণ মাস্টারমশাইয়ের বিষয়টির প্রতি প্রগাঢ় ভালোবাসা ছিল। তাঁর কাছে পৌরুষের অর্থই ছিল অঙ্কে পারদর্শিতা। |
| ৩. 'অহেতুক তাড়না করে কাউকে শিক্ষা দেওয়া যায় না।' | |
| ৪. 'কিন্তু আমি খুশি হতে পারলুম না।' | |
| ৫. 'দেখলুম মাস্টারমশাইয়ের চোখ দিয়ে জল পড়ছে।' | |

[ নির্ধারিত সময়: ৪৫/৪০ মিনিট — কাজটি সকলের সঙ্গে আদানপ্রদানের জন্য ১০ মিনিট + কাজটি দলগত/একক ভাবে করার জন্য ২৫ মিনিট + সামগ্রিক আদানপ্রদান ১০/৫ মিনিট ]

## ● পাঠ্যপুস্তক ও শিখন সামগ্রীর সহায়তায় মূল্যায়ন (Open Textbook Evaluation)

### শিক্ষক / শিক্ষিকাদের জন্য

'দাম' গল্পটিতে সুকুমার স্কুলের অঙ্কের মাস্টারমশাইয়ের সঙ্গে শিক্ষার্থীরা পরিচিত হয়েছে। একই বিষয় পড়ানোর ক্ষেত্রে একজন অন্য মানুষের দৃষ্টিভঙ্গি ও পদ্ধতি আরেক রকম হতে পারে। এই দুইয়ের তুলনামূলক আলোচনার সাপেক্ষে এবং

প্রশ্নোত্তরের নিরিখে শিক্ষার্থীদের স্বাধীন মতামত এবং মূল্যবোধের প্রতিফলন ঘটাতে হবে।

## শিক্ষার্থীদের জন্য

**নীচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও :**

*একটু পরে মাখনলাল সুর স্কুলে এসে ক্লাসে বেড়াতে বেরুলেন। মাখনলাল সুর দু-তিনটি তেলের কলের মালিক। কালো, মোটাসোটা চেহারা, মুখখানাতে দাম্ভিকতা মাখানো। লেখাপড়া বিশেষ কিছু জানেন না, টাকার জোরে স্কুলের সেক্রেটারি হয়েছেন বলে শিক্ষকদের ওপর প্রভুত্ব বেশি করে খাটান। ...*

*যদুবাবুর ক্লাস। ইতিহাস পড়াচ্ছেন যদুবাবু, মন দিয়ে শিবাজির জীবনী বর্ণনা করছেন ছেলেদের কাছে।*

*মাখন সুর এক অবান্তর প্রশ্ন করে বসলেন — বলো দিকি, দাশু রায় পাঁচলি লিখেছিলেন কত সালে? মাস্টার বলে দাও না ওদের। দাশু রায় — আহা, অমন গান আর কেউ বাঁধতে পারবে না —*

*তারপরে নারায়ণবাবুর ক্লাস। নারায়ণবাবু মশগুল হয়ে গিয়েছেন অধ্যাপনায়; কিন্তু তিনি অঙ্ক ছেড়ে রবীন্দ্রনাথের কবিতা আবৃত্তি করছেন ক্লাসে। মাখন সুর ঢুকে জিজ্ঞাসা করলেন — আপনি না অঙ্কের মাস্টার। আমি শুনেচি আপনি ক্লাসের পড়া না করিয়ে ছেলেদের কাছে বাজে গল্প করেন।*

*নারায়ণবাবু বললেন — কথাটা উঠল কিনা, আবৃত্তি সর্বশাস্ত্রাণাং বোধদপি গরীয়সী বিশেষত কবিতার। তাই আবৃত্তির নিয়মটা ওদের —*

*— তা শেখবার কোনো দরকার নেই। আপনি যে জন্যে, আছেন, তাই করুন। ...*

*বললেন — আপনি কোনো কাজ করেন না ক্লাসে — ছেলেদের যা পড়ান তা সিলেবাসের বাইরে। সেকেন্ড ক্লাসে অ্যালজেব্রা কতদূর করিয়েছেন দেখি এ বছর। মোটে সিম্পল ইকোয়েশান ধরাচ্ছেন? তা হলে কবে কোর্স শেষ করবেন আপনি? আপনাকে নিয়ে বড়ো মুশকিল হল দেখছি। আপনার পুরোনো রোগ গেল না। সেই বাজে গল্প করা।* (অনুসন্ধান : বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়)

- যদুবাবু ক্লাসে কী পড়াচ্ছিলেন?
- মাখনলাল সুর নামক মানুষটিকে কেমন বলে তোমার মনে হলো?
- অঙ্কের মাস্টারমশাই নারায়ণবাবু ক্লাসে কী পড়াচ্ছিলেন?
- নারায়ণবাবু ক্লাসে এক বিষয় থেকে অন্য বিষয়ে গিয়ে যেভাবে পড়ানোর চেষ্টা করছিলেন, তা কতটা গ্রহণযোগ্য বলে তুমি মনে করো? তোমার সিদ্ধান্তের স্বপক্ষে যুক্তি দাও।

[ নির্ধারিত সময়:৪৫/৪০ মিনিট — কাজটি সকলের সঙ্গে আদানপ্রদানের জন্য ১০ মিনিট + কাজটি দলগত/একক ভাবে করার জন্য ২৫ মিনিট + সামগ্রিক আদানপ্রদান ১০/৫ মিনিট ]

*একটি পাঠ্যবিষয়কে অবলম্বন করে এখানে ছয়টি পদ্ধতি-সম্পর্কিত ছয়টি উদাহরণ দেওয়া হলো। এটি নমুনা মাত্র। এভাবে বিভিন্ন পাঠ্যবিষয় অবলম্বনে যেকোনো পর্যায়ক্রমিকের পাঠ্যসূচি (ব্যাকরণ ও প্রোফেসর শঙ্কুর ডায়রিসহ) অনুসারে বিভিন্ন পদ্ধতির চর্চা করা যাবে। নির্দিষ্ট কোনো বিদ্যালয়ের শিক্ষার্থীদের সবলতা ও সামর্থ্যের নিরিখে কাঠিন্যমাত্রার তারতম্য ঘটানো যেতে পারে।*

# সংযোজিত নমুনা

## ● সমীক্ষা (Survey)

### শিক্ষক/শিক্ষিকার জন্য

কবি সত্যেন্দ্রনাথ দত্তের 'আমরা' কবিতাটি আজকের সমীক্ষার জন্য নির্বাচিত পাঠ। শিক্ষার্থীদের পাঁচটি দলে গোটা শ্রেণিকক্ষকে ভাগ করে নেওয়া হলো। শিক্ষার্থীরা 'আমরা' কবিতাটি পড়েছে। পাঁচটি দলের কাজ হবে কবিতাটিতে বাঙালির কৃষ্টি ও সংস্কৃতির নানান দিকগুলির নমুনা চিহ্নিতকরণ, নির্বাচন, শ্রেণিকরণ ও আদানপ্রদান। এই সঙ্গে তারা এককভাবে সংক্ষিপ্ত প্রতিবেদন নির্দেশমতো তৈরি করবে।

### শিক্ষার্থীদের জন্য

প্রতিটি দলের শিক্ষার্থীরা তাদের প্রতিবেদন শিক্ষকের কাছে জমা দেবে।

[ নির্ধারিত সময়: ৪৫/৪০ মিনিট — কাজটি সকলের সঙ্গে আদানপ্রদানের জন্য ১০ মিনিট + কাজটি দলগত/একক ভাবে করার জন্য ২৫ মিনিট + সামগ্রিক আদানপ্রদান ১০/৫ মিনিট ]

## ● প্রকৃতিপাঠ (Nature Study)

### শিক্ষক/শিক্ষিকার জন্য

'ধীবর-বৃত্তান্ত' নাট্যাংশে বিভিন্ন চরিত্রের কথাবার্তায় সামাজিক পরিস্থিতির অনুপুঙ্খ বর্ণনা ফুটে উঠেছে। নাট্যাংশ থেকে একটি ঘটনামুহূর্ত নির্বাচন করা হবে। শিক্ষার্থীরা সেই অংশটি পাঠ করে বিভিন্ন চরিত্রের প্রকৃতি ও সামাজিক পরিস্থিতি নিরূপণের চেষ্টা করবে।

'ধীবর-বৃত্তান্ত' নাট্যাংশের নির্বাচিত অংশটি শিক্ষিকা / শিক্ষক ব্ল্যাকবোর্ডে লিখে দেবেন।

### শিক্ষার্থীদের জন্য

**নীচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও :**

*দুই রক্ষী—(তাড়না করে) ওরে ব্যাটা চোর, বল্—মণিখচিত, রাজার নাম খোদাই করা এই (রাজার) আংটি তুই কোথায় পেলি?*

*পুরুষ—(ভয় পাওয়ার অভিনয় করে) আপনারা শান্ত হন। আমি এরকম কাজ (অর্থাৎ চুরি) করিনি।*

*প্রথম রক্ষী—তবে কি তোকে সদ্ ব্রাহ্মণ বিবেচনা করে রাজা এটা দান করেছেন?*

*পুরুষ—আপনারা অনুগ্রহ করে শুনুন। আমি একজন জেলে, শক্রাবতারে আমি থাকি।*

*দ্বিতীয় রক্ষী—ব্যাটা বাটপাড়, আমরা কি তোর জাতির কথা জিজ্ঞাসা করেছি?*

*শ্যালক—সূচক, একে পূর্বাপর সব বলতে দাও। মধ্যে বাধা দিয়ো না।*

*দুই রক্ষী—তা আপনি যা আদেশ করেন। বল্, কী বলছিলি।*

*পুরুষ—আমি জাল, বড়শি ইত্যাদি নানা উপায়ে মাছ ধরে সংসার চালাই।*

*শ্যালক—(হেসে) তা তোর জীবিকা বেশ পবিত্র বলতে হয় দেখছি।*

*পুরুষ—শুনুন মহাশয়, এরকম বলবেন না।*

*যে বৃত্তি নিয়ে যে মানুষ জন্মেছে, সেই বৃত্তি নিন্দনীয় (ঘৃণ্য) হলেও তা পরিত্যাগ করা উচিত নয়। বেদজ্ঞ ব্রাহ্মণ স্বভাবে দয়াপরায়ণ হলেও যজ্ঞীয় পশুবধের সময় নির্দয় হয়ে থাকেন।*

*শ্যালক—তারপর, তারপর?*

*পুরুষ—একদিন একটা রুই মাছ যখন আমি খণ্ড খণ্ড করে কাটলাম, তখন সেই মাছের পেটের মধ্যে মণিমুক্তায় ঝলমলে এই আংটিটা দেখতে পেলাম। পরে সেই আংটিটা বিক্রি করার জন্য যখন লোককে দেখাচ্ছিলাম তখন আপনারা আমায় ধরলেন। এখন মারতে হয় মারুন, ছেড়ে দিতে হয় ছেড়ে দিন। কীভাবে এই আংটি আমার কাছে এল—তা বললাম।*

*শ্যালক—জানুক, এর গা থেকে কাঁচা মাংসের গন্ধ আসছে। এ অবশ্যই গোসাপ-খাওয়া জেলে হবে। তবে আংটি পাবার ব্যাপারে যা বলল তা একবার অনুসন্ধান করে দেখতে হবে। সুতরাং রাজবাড়িতেই যাই।*

*দুই রক্ষী—তবে তাই হোক। চল রে গাঁটকাটা!*

- উল্লিখিত অংশে রাজ-শ্যালকের কোন্ ভূমিকা তুমি লক্ষ করলে?
- অংশটিতে তৎকালীন সামাজিক পরিস্থিতির কিরূপ পরিচয় ফুটে উঠেছে?

[ নির্ধারিত সময়: ৪৫/৪০ মিনিট — কাজটি সকলের সঙ্গে আদানপ্রদানের জন্য ১০ মিনিট + কাজটি দলগত/একক ভাবে করার জন্য ২৫ মিনিট + সামগ্রিক আদানপ্রদান ১০/৫ মিনিট ]

## • ক্ষেত্র বিশ্লেষণ (Case Study)

### শিক্ষক/শিক্ষিকার জন্য

'রাধারাণী' পাঠ্যাংশটি পড়ে চরিত্রগুলির বিভিন্ন দিক সম্পর্কে শিক্ষার্থীদের মনে একটি ধারণা গড়ে উঠেছে। চরিত্রের সেই বিশেষত্বগুলি বজায় রেখে একটি কাল্পনিক ঘটনামুহূর্তের নিরিখে চরিত্রগুলির ভূমিকা বা প্রতিক্রিয়া সম্পর্কে মতামত গঠন করতে হবে।

### শিক্ষার্থীদের জন্য

**নীচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও :**

*পরদিন মাতায় কন্যায়, রুক্মিণীকুমার রায়ের অনেক সন্ধান করিল। কিন্তু শ্রীরামপুরে বা নিকটবর্তী কোনো স্থানে রুক্মিণীকুমার রায় কেহ আছে, এমত কোনো সন্ধান পাইল না। নোটখানি তাহারা ভাঙাইল না—তুলিয়া রাখিল—তাহারা দরিদ্র, কিন্তু লোভী নহে।*

মনে করো, রাধারাণী এবং তার মা শ্রীরামপুরে রুক্মিণীকুমার রায়ের সন্ধান পেলেন। সেই পরিস্থিতিতে —

- রাধারাণী রুক্মিণীকুমারকে কী বলবে তা কল্পনা করে লেখো।
- রাধারাণীর বক্তব্যের পরিপ্রেক্ষিতে রুক্মিণীকুমারের সম্ভাব্য উত্তরটি কী হতে পারে তা আলোচনা করো।

[ নির্ধারিত সময়: ৪৫/৪০ মিনিট — কাজটি সকলের সঙ্গে আদানপ্রদানের জন্য ১০ মিনিট + কাজটি দলগত/একক ভাবে করার জন্য ২৫ মিনিট + সামগ্রিক আদানপ্রদান ১০/৫ মিনিট ]

## ● সৃষ্টিশীল রচনা (Creative Writing)

নবম শ্রেণির 'সাহিত্য সঞ্চয়ন'-এর চতুর্থ পাঠের অন্তর্ভুক্ত 'আবহমান' কবিতাটির কীভাবে 'রূপময় প্রকৃতি ও কল্পনা' ভাবমূলের সঙ্গে সম্পর্কিত সে বিষয়ে দলে আলোচনা করে প্রত্যেক শিক্ষার্থী এককভাবে দশটি বাক্যে প্রতিবেদন রচনা করবে।

[ নির্ধারিত সময়: ৪৫/৪০ মিনিট — কাজটি সকলের সঙ্গে আদানপ্রদানের জন্য ১০ মিনিট + কাজটি দলগত/একক ভাবে করার জন্য ২৫ মিনিট + সামগ্রিক আদানপ্রদান ১০/৫ মিনিট ]

## ● মডেল নির্মাণ (Model Making)

শিক্ষার্থীরা প্রতিক্ষেত্রে উদাহরণযোগে প্রদত্ত তালিকাটি সম্পূর্ণ করবে।




[ নির্ধারিত সময়: ৪৫/৪০ মিনিট — কাজটি সকলের সঙ্গে আদানপ্রদানের জন্য ১০ মিনিট + কাজটি দলগত/একক ভাবে করার জন্য ২৫ মিনিট + সামগ্রিক আদানপ্রদান ১০/৫ মিনিট ]

## ● পাঠ্যপুস্তক ও শিখন সামগ্রীর সহায়তায় মূল্যায়ন (Open Textbook Evaluation)

### শিক্ষক / শিক্ষিকাদের জন্য

শিক্ষার্থীরা কবি মুকুন্দ চক্রবর্তী রচিত 'কলিঙ্গদেশে ঝড়-বৃষ্টি' কাব্যাংশটি পড়েছে। কবি মোহিতলাল মজুমদার রচিত 'কালবৈশাখী' কবিতাটির নির্বাচিত অংশ তাদের দেওয়া হবে। এই দুইয়ের তুলনামূলক আলোচনার সাপেক্ষে এবং প্রশ্নোত্তরের নিরিখে শিক্ষার্থীদের স্বাধীন মতামত এবং মূল্যবোধের প্রতিফলন ঘটাতে হবে।

### শিক্ষার্থীদের জন্য

নীচের অংশটি পড়ে প্রশ্নটির উত্তর দাও :

**কালবৈশাখী**

**মোহিতলাল মজুমদার**

*মধ্যদিনের রক্ত নয়ন অন্ধ করিল কে!*
*ধরণীর' পরে বিরাট ছায়ার ছত্র ধরিল কে!*
*কানন-আনন পাণ্ডুর করি'*
*জল-স্থলের নিঃশ্বাস হরি'*
*আলয়ে-কুলায়ে তন্দ্রা ভুলায়ে গগন ভরিলে কে!*

*আজিকে যতেক বনস্পতির ভাগ্য দেখি যে মন্দ,*
*নিমেষ গণিছে তাই কি তাহার সারি-সারি নিস্পন্দ*
*মরুৎ-পাথারে বারুদের ঘ্রাণ*
*এখনি ব্যাকুলি' তুলিয়াছে প্রাণ?*
*পশিয়াছে কানে দূর গগনের বজ্রঘোষণ ছন্দ?*

*হরি যে হোথায় আকাশ-কটাহে ধূম্র-মেঘের ঘটা,*
*সে যেন কাহার বিরাট মুণ্ডে ভীম-কুণ্ডল জটা!*
*অথবা ও কি রে সচল-অচল —*
*ভেদিয়া কোন্ সে অসীম অতল*
*ধাইছে উধাও গ্রাসিছে মিহিরে, ছিড়িয়া রশ্মিছটা!*

*ওই শোন তার ঘোর নির্ঘোষ, দুলিয়া উঠিল জটাভার*
*শুরু হয়ে গেছে গুরু-গুরু রব — নাসা গর্জন ঝঙ্কার!*
*পিঙ্গল হল গল-তলদেশ,*
*ধূলি-ধূসরিত উন্মাদ বেশ —*
*দিবসের ভাগে টানিয়া খুলিছে বেণীবন্ধন সন্ধ্যার!*

*অঙ্কুশ কার ঝলসিয়া উঠে দিক হ'তে দিক অন্তে —*
*দিগ্ বারণেরা বেদনা-অধীর বিদারিছে নভ দন্তে!*
*বাজে ঘন ঘন রণ-দুন্দুভি,*
*ঝড়ে সে আওয়াজ কভু যায় ডুবি',*
*যুঝিতেছে কোন্ দুই মহাবল দ্যুলোকের দূর পন্থে!*

*বঙ্কিম-নীল অসির ফলকে দেহ হল কার ভিন্ন?*
*অনাবৃষ্টির অসুরের বাধা কে করিল নিশ্চিহ্ন?*
*নেমে আসে যেন বাঁধ-ভাঙা জল,*
*ম্লান হয়ে আসে মেঘ - কজ্জল,*
*আলোকের মুখে কালো যবনিকা এতখনে হ'ল ছিন্ন।*

***(নির্বাচিত অংশ)***

- 'কলিঙ্গদেশে ঝড়-বৃষ্টি' শীর্ষক কাব্যাংশে এবং 'কালবৈশাখী' কবিতা থেকে নির্বাচিত অংশে ঝড়-বৃষ্টির যে প্রসঙ্গ রয়েছে তার তুলনামূলক আলোচনা করো।

[ নির্ধারিত সময়: ৪৫/৪০ মিনিট — কাজটি সকলের সঙ্গে আদানপ্রদানের জন্য ১০ মিনিট + কাজটি দলগত/একক ভাবে করার জন্য ২৫ মিনিট + সামগ্রিক আদানপ্রদান ১০/৫ মিনিট ]

# দশম শ্রেণির জন্য

## অন্তর্বর্তী প্রস্তুতিকালীন মূল্যায়নের জন্য নির্ধারিত বিষয়ভিত্তিক পদ্ধতিসমূহ ও প্রয়োগ কৌশল

## বাংলা (প্রথম ভাষা)

### ● ১. সমীক্ষা (Survey)

**শিক্ষক/শিক্ষিকার জন্য**

জয় গোস্বামীর 'অস্ত্রের বিরুদ্ধে গান' কবিতাটি আজকের সমীক্ষার জন্য নির্বাচিত পাঠ। শিক্ষার্থীদের পাঁচটি দলে গোটা শ্রেণিকক্ষকে ভাগ করে নেওয়া হলো। শিক্ষার্থীরা 'অস্ত্রের বিরুদ্ধে গান' কবিতাটি পড়েছে। এই কবিতাটি একটি যুদ্ধবিরোধী কবিতা। এখানে কবি রক্তক্ষয়ী যুদ্ধের পৈশাচিক দানবতার বিরুদ্ধাচরণ করে মানুষের অমলিন হৃদয়বৃত্তি তথা মানবতার জয়গান ঘোষণা করেছেন। 'অস্ত্রের বিরুদ্ধে গান' কবিতাটির নিরিখে, পাঁচটি দলের কাজ হলো পাঠ্য' সাহিত্য সঞ্চয়ন' বইটির অন কোনো কবিতায় এমন যুদ্ধবিরোধী বক্তব্য থাকলে তা খুঁজে বের করা এবং পাঠ্য বইয়ের বাইরে অন্যান্য কবির লেখা এধরনের যুদ্ধবিরোধী কবিতার তালিকা নির্মাণ। এই সঙ্গে তারা প্রস্তুত তালিকাটির মধ্যে কোন্ কবিতাটি তার প্রিয় এবং কেন— সে বিষয়ে কম-বেশি ১৫০ শব্দে নিজের মতামত প্রকাশ করবে। (শ্রেণিকক্ষে এই কাজটি হওয়ার পূর্বে শিক্ষার্থীরা প্রাসঙ্গিক কাজের জন্য বিদ্যালয়ের পাঠাগারের সাহায্য নিতে পারে।)

**শিক্ষার্থীদের জন্য**

দলগতভাবে আলোচনা করে যুদ্ধবিরোধী কবিতার তালিকা নির্মাণ। কবি এবং কবিতার নাম (একটি সংক্ষিপ্ত সংকলনের মতো) লিখে তালিকাটি প্রস্তুত করা। প্রতিটি দলের শিক্ষার্থী এই লিখিত তালিকাটি শিক্ষিকা/শিক্ষকের কাছে জমা দেবে।

প্রতিটি দলের সদস্যেরা দলগত আলোচন ার মাধ্যমে যে কোনো একটি কবিতা সম্পর্কে ব্যক্তিগত অভিমত লিখে শিক্ষিকা/শিক্ষকের কাছে জমা দেবে।

[নির্ধারিত সময় : ৪৫/৪০ মিনিট— শ্রেণিকক্ষে এই বিষয়টি আদানপ্রদানের জন্য ১০ মিনিট + দলগতভাবে তালিকা প্রস্তুতের জন্য ১০ মিনিট + ব্যক্তিগতভাবে কবিতা নির্বাচন ১০/৫ মিনিট + এককভাবে নিজের মতামতের লিখিত প্রকাশ ১০/১৫ মিনিট]

## ● ২. প্রকৃতিপাঠ (Nature Study)

**শিক্ষক/শিক্ষিকার জন্য**

'পথের দাবী' পাঠ্যাংশের অন্যতম আকর্ষণীয় চরিত্র গিরীশ মহাপাত্র। পাঠ্যাংশ থেকে তার কার্যকলাপের একটি মুহূর্ত নির্বাচন করা হবে। শিক্ষার্থীরা সেই অংশটি পাঠ করে 'গিরীশ মহাপাত্র'-এর ব্যক্তিত্বের প্রকৃতি নিরূপণের চেষ্টা করবে।

'পথের দাবী' পাঠ্যাংশের নিম্নলিখিত অংশটি শিক্ষিকা/শিক্ষক ব্ল্যাকবোর্ডে লিখে দেবেন।

**শিক্ষার্থীদের জন্য**

**নীচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও :**

'তলওয়ারকর ঘাড় ফিরাইতেই বুঝিল, এই সেই গিরীশ মহাপাত্র। সেই বাহারে জামা, সেই সবুজ রঙের ফুলমোজা, সেই পাম্প শু এবং ছড়ি, প্রভেদের মধ্যে এখন কেবল সেই বাঘ-আঁকা রুমালখানি বুকপকেট ছাড়িয়া তাঁহার কণ্ঠে জড়ানো। মহাপাত্র এই দিকেই আসিতেছিল, সুমুখে আসিতেই অপূর্ব ডাকিয়া কহিল, কি হে গিরীশ, আমাকে চিনতে পারো? কোথায় চলেচ?

গিরীশ শশব্যস্তে একটা মস্ত নমস্কার করিয়া কহিল, আজ্ঞে, চিনতে পারি বৈ কি বাবুমশায়। কোথায় আগমন হচ্ছেন?

অপূর্ব সহাস্যে কহিল, আপাতত ভামো যাচ্ছি। তুমি কোথায়?

গিরীশ কহিল, আজ্ঞে, এনাঞ্জাং থেকে দুজন বন্ধু নোক আসার কথা ছিল,— আমাকে কিন্তু বাবু ঝুটমুট হয়রান করা। হাঁ, আনে বটে কেউ কেউ আপিং সিদ্ধি নুকিয়ে, কিন্তু আমি বাবু ধর্মভীরু মানুষ। বলি কাজ কি বাপু জোচ্চুরিতে— কথায় বলে পরোধর্ম ভয়াভয়। লল্লাটের লেখা তো খণ্ডাবে না।'

- আমি বাবু ধর্মভীরু মানুষ — বক্তা কীভাবে তার 'ধর্ম' রক্ষা করতে চায়?
- গিরীশ মহাপাত্র বিচিত্র সাজপোশাক পরে এসেছিল কেন?
- উদ্ধৃতাংশে গিরীশ মহাপাত্রের চরিত্রের কোন কোন দিক প্রতিফলিত হয়েছে?

[নির্ধারিত সময় : ৪৫/৪০ মিনিট— শ্রেণিকক্ষে এই বিষয়টি আদানপ্রদানের জন্য ১০ মিনিট + কাজটি দলগত/এককভাবে করার জন্য ২৫/২০ মিনিট + সামগ্রিক আদানপ্রদান ১০ মিনিট]

## ● ৩. ক্ষেত্র বিশ্লেষণ (Case Study)

**শিক্ষক/শিক্ষিকার জন্য**

'জ্ঞানচক্ষু' গল্প পাঠের পর এই গল্পের চরিত্রগুলির বিভিন্ন দিক সম্পর্কে শিক্ষার্থীদের মনে একটি ধারণা গড়ে উঠেছে। চরিত্রের সেই বিশেষত্বগুলি বজায় রেখে একটি কাল্পনিক ঘটনামুহূর্তের নিরিখে চরিত্রগুলির ভূমিকা বা প্রতিক্রিয়া সম্পর্কে মতামত গঠন।

**শিক্ষার্থীদের জন্য**

**নীচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও :**

'সন্ধ্যাতারা' পত্রিকার সম্পাদককে বলে তপনের নতুন মেসোমশাই তার লেখা 'প্রথম দিন' গল্পটা ছাপিয়ে দিলেন। কিন্তু একটু-আধটু কারেকশানের নামে পুরো গল্পটাই তিনি নিজের পাকা হাতে লিখে দিলেন। নিজে একজন লেখক হয়েও তপনের নিজস্বতা ও মৌলিকতাকে তিনি কোনো মূল্যই দিলেন না। তপন গল্পটা পড়ার সময় পুরো ব্যাপারটাই বুঝতে পেরে মেসোমশাইকে তার কষ্টের কথাটা জানাল।

* মেসোমশাই তপনের লেখা গল্পটা অবিকৃতভাবে ছাপতে দেননি কেন?

* তপনের মনোকষ্টের কথা শুনে তার মেসোমশাইয়ের সম্ভাব্য প্রতিক্রিয়াটি নিজের ভাষায় লেখো।

(নির্ধারিত সময় : ৪৫/৪০ মিনিট— শ্রেণিকক্ষে এই বিষয়টি আদানপ্রদানের জন্য ১০ মিনিট + কাজটি দলগত/এককভাবে করার জন্য ২৫/২০ মিনিট + সামগ্রিক আদানপ্রদান ১০ মিনিট)

## ● ৪. সৃষ্টিশীল রচনা (Creative Writing)

**শিক্ষক/শিক্ষিকার জন্য**

'আফ্রিকা' কবিতা এবং 'পথের দাবী' রচনাংশের মধ্যে নিহিত ভাবগত ঐক্যের তুলনামূলক আলোচনা।

**শিক্ষার্থীদের জন্য :**

| | |
|---|---|
| **'অপরিচিত ছিল তোমার মানবরূপ<br>উপেক্ষার আবিল দৃষ্টিতে।'** | **'অপূর্ব প্রথম শ্রেণির যাত্রী, তাহার কামরায়<br>আর কেহ লোক ছিল না।'** |
| ... | ... |
| **'এল ওরা লোহার হাতকড়ি নিয়ে,<br>এল মানুষ-ধরার দল'** | **'বর্মা সব-ইনস্পেক্টর সাহেব কটুকণ্ঠে জবাব দেয়,<br>তুমি তো ইউরোপিয়ান নও।'** |
| ... | ... |
| **'সভ্যের বর্বর লোভ<br>নগ্ন করল আপন নির্লজ্জ অমানুষতা।'<br>('আফ্রিকা' কবিতা থেকে উদ্ধৃত অংশ।)** | **'— আমি পুলিশ; ইচ্ছা করিলে আমি তোমাকে<br>টানিয়া নীচে নামাইতে পারি।'<br>('পথের দাবী' পাঠ্যাংশ থেকে গৃহীত।)** |

'আফ্রিকা' কবিতায় এবং 'পথের দাবী' রচনাংশে, সাম্রাজ্যবাদী শাসকের বর্বর অত্যাচার-শোষণ ও নির্লজ্জতার প্রকাশে কবি ও লেখকের মানসিকতার মধ্যে যে সামঞ্জস্য খুঁজে পাও তা কবিতা এবং রচনাংশটি অবলম্বনে নিজের ভাষায় আলোচনা করো। (কমবেশি ২০০ শব্দ)

[নির্ধারিত সময় : ৪৫/৪০ মিনিট— শ্রেণিকক্ষে এই বিষয়টি আদানপ্রদানের জন্য ১০ মিনিট + কাজটি দলগত/এককভাবে করার জন্য ২৫/২০ মিনিট + সামগ্রিক আদানপ্রদান ১০ মিনিট]

## ● ৫. মডেল নির্মাণ (Model Making)

**শিক্ষক/শিক্ষিকার জন্য**

বাক্যের গঠনগত শ্রেণিবিভাগ সংক্রান্ত মডেল নির্মাণ।

**শিক্ষার্থীদের জন্য**

একটি বড়ো আর্ট পেপারে 'বাক্যের গঠনগত শ্রেণিবিভাগ টি দেখাবে। প্রত্যেকটি ভাগের একটি করে উদাহরণ দেবে এবং প্রতিটি উদাহরণের গঠনরীতিটি রেখাচিত্রের মাধ্যমে বুঝিয়ে দেবে।

[নির্ধারিত সময় : ৪৫/৪০ মিনিট—শ্রেণিকক্ষে এই বিষয়টি আদানপ্রদানের জন্য ১০ মিনিট + কাজটি দলগত/এককভাবে করার জন্য ২৫/২০ মিনিট + সামগ্রিক আদানপ্রদান ১০ মিনিট]

## ৬. পাঠ্যপুস্তক ও শিখন সামগ্রীর সহায়তায় মূল্যায়ন (Open Textbook Evaluation)

**শিক্ষক/শিক্ষিকাদের জন্য**

'বহুরূপী' গল্পটিতে বহুরূপী বিষয়টি সঙ্গে শিক্ষার্থীরা পরিচিত হয়েছে। এক্ষেত্রে একই ব্যক্তি বিভিন্ন সময়ে বিভিন্ন বেশ ধরে হাজির হয়। এই রকম আরেকটি তুলনামূলক আলোচনার সাপেক্ষে এবং প্রশ্নোত্তরের নিরিখে শিক্ষার্থীদের মতামতের প্রতিফলন ঘটাতে হবে।

**নীচের গল্পাংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও :**

'সে রাত্রেও ঘরের বাইরে ঐ জমাট অন্ধকার এবং বারান্দায় তন্দ্রাভিভূত সেই দুটো বুড়োও? ভিতরে মৃদু দীপালোকের সম্মুখে গভীর-অধ্যয়নরত আমরা চারিটি প্রাণী।

ছোড়দা ফিরিয়া আসায় তৃষ্ণায় আমার একেবারে বুক ফাটিয়া যাইতে লাগিল। কাজেই টিকিট পেশ করিয়া উন্মুখ হইয়া রহিলাম। মেজদা তাঁহার সেই টিকিট-আঁটা খাতার উপর ঝুঁকিয়া পড়িয়া পরীক্ষা করিতে লাগিলেন—তৃষ্ণা পাওয়াটা আমার আইনসঙ্গত কি না, অর্থাৎ কাল-পরশু কি পরিমাণে জল খাইয়াছিলাম।

অকস্মাৎ আমার ঠিক পিঠের কাছে একটা 'হুম' শব্দ এবং সঙ্গে সঙ্গে ছোড়দা ও যতীনদার সমবেত আর্তকণ্ঠের গগনভেদী রৈ-রৈ চীৎকার—ওরে বাবা রে, খেয়ে ফেল্লে রে! কিসে ইহাদিগকে খাইয়া ফেলিল, আমি ঘাড় ফিরাইয়া দেখিবার পূর্বেই মেজদা মুখ তুলিয়া একটা বিকট শব্দ করিয়া বিদ্যুদ্বেগে তাঁহার দুই-পা সম্মুখে

ছড়াইয়া দিয়া সেজ উল্টাইয়া দিলেন। তখন সেই অন্ধকারের মধ্যে যেন দক্ষযজ্ঞ বাধিয়া গেল। মেজদা'র ছিল ফিটের ব্যামো। তিনি সেই যে 'আোঁ-আোঁ করিয়া প্রদীপ উল্টাইয়া চিৎ হইয়া পড়িলেন, আর খাড়া হইলেন না। ঠেলাঠেলি করিয়া বাহির হইতেছি দেখি পিসেমশাই তাঁর দুই ছেলেকে বগলে চাপিয়া ধরিয়া তাহাদের অপেক্ষাও তেজে চেঁচাইয়া বাড়ি ফাটাইয়া ফেলিতেছেন। এ যেন তিন বাপ-ব্যাটার কে কতখানি হাঁ করিতে পারে, তারই লড়াই চলিতেছে।

এই সুযোগে একটা চোর নাকি ছুটিয়া পলাইতেছিল দেউড়ির সিপাহীরা তাহাকে ধরিয়া ফেলিয়াছে। পিসেমশাই প্রচণ্ড চীৎকারে হুকুম দিতেছেন— আউর মারো—শালাকো মার ডালো ইত্যাদি।

মুহূর্তকাল মধ্যে আলোয়, চাকর-বাকরে ও পাশের লোকজনে উঠান পরিপূর্ণ হইয়া গেল। দরওয়ানরা চোরকে মারিতে মারিতে আধমরা করিয়া টানিয়া আলোর সম্মুখে ধাক্কা দিয়া ফেলিয়া দিল। তখন চোরের মুখ দেখিয়া বাড়িসুদ্ধ লোকের মুখ শুকাইয়া গেল!— আরে এ যে ভট্‌চায্যিমশাই।

তখন কেহ বা জল, কেহ বা পাখার বাতাস, কেহ বা তাঁহার চোখে মুখে হাত বুলাইয়া দেয়। ওদিকে ঘরের ভিতরে মেজদাকে লইয়া সেই ব্যাপার!

পাখার বাতাস ও জলের ঝাপটা খাইয়া রামকমল প্রকৃতিস্থ হইয়া ফুঁপাইয়া কাঁদিয়া উঠিলেন। সবাই প্রশ্ন করিতে লাগিল, আপনি অমন করে ছুটেছিলেন কেন? ভট্‌চায্যিমশাই কাঁদিতে কাঁদিতে কহিলেন, বাবা বাঘ নয়, সে একটা মস্ত ভালুক—লাফ মেরে বৈঠকখানা থেকে বেরিয়ে এলো।

ছোড়দা ও যতীনদা বারংবার কহিতে লাগিল, ভালুক নয় বাবা, একটা নেকড়ে বাঘ। হুম্ ক'রে ল্যাজ গুটিয়ে পাপোশের উপর বসেছিল।

মেজদা'র চৈতন্য হইলে তিনি নিমীলিতচক্ষে দীর্ঘশ্বাস ফেলিয়া সংক্ষেপে কহিলেন 'দি রয়েল বেঙ্গল টাইগার'।

কিন্তু কোথা সে? মেজদা'র দি রয়েল বেঙ্গল'ই হোক আর রামকমলের 'মস্ত ভালুক'ই হোক, সে আসিলই বা কিরূপে, গেলই বা কোথায়? এতগুলো লোক যখন দেখিয়াছে, তখন সে একটা কিছু বটেই!

তখন কেহ বা বিশ্বাস করিল, কেহ বা করিল না। কিন্তু সবাই লণ্ঠন লইয়া ভয়চকিত নেত্রে চারিদিকে খুঁজিতে লাগিল।

অকস্মাৎ পালোয়ান কিশোরী সিং 'উহ বয়ঠা' বলিয়াই একলাফে একেবারে বারান্দার উপর। তারপর সেও এক ঠেলাঠেলি কাণ্ড। এতগুলো লোক, সবাই এক সঙ্গে বারান্দায় উঠিতে চায়, কাহারো মুহূর্ত বিলম্ব সয় না। উঠানের এক প্রান্তে একটা ডালিম গাছ ছিল, দেখা গেল, তাহারই ঝোপের মধ্যে বসিয়া একটা বৃহৎ জানোয়ার। বাঘের মতই বটে। চক্ষের পলকে বারান্দা খালি হইয়া বৈঠকখানা ভরিয়া গেল—জনপ্রাণী আর সেখানে নাই। সেই ঘরের ভিড়ের মধ্য হইতে পিসেমশায়ের উত্তেজিত কণ্ঠস্বর আসিতে লাগিল—সড়কি লাও— বন্দুক লাও। আমাদের পাশের বাড়ির গগনবাবুদের একটা মুঙ্গেরী গাদা বন্দুক ছিল; লক্ষ্য সেই অস্ত্রটার উপর। 'লাও'ত বটে, কিন্তু আনে কে? ডালিম গাছটা যে দরজার কাছেই; এবং তাহারই মধ্যে যে বাঘ বসিয়া! হিন্দুস্থানীরা সাড়া দেয় না—তামাশা দেখিতে যাহারা বাড়ি ঢুকিয়াছিল, তাহারাও নিস্তব্ধ।

এম্‌নি বিপদের সময় হঠাৎ কোথা হইতে ইন্দ্র আসিয়া উপস্থিত। সে বোধ করি সুমুখের রাস্তা দিয়া চলিয়াছিল, হাঙ্গামা শুনিয়া বাড়ি ঢুকিয়াছে। নিমেষে শতকণ্ঠ চীৎকার করিয়া উঠিল—ওরে বাঘ! বাঘ! পালিয়ে আয় রে ছোঁড়া, পালিয়ে আয়!

প্রথমেই সে থতমত খাইয়া ছুটিয়া আসিয়া ভিতরে ঢুকিল। কিন্তু ক্ষণকাল পরেই ব্যাপারটা শুনিয়া লইয়া একা নির্ভয়ে উঠানে নামিয়া গিয়া লণ্ঠন তুলিয়া বাঘ দেখিতে লাগিল।

দোতলার জানালা হইতে মেয়েরা রুদ্ধনিঃশ্বাসে এই ডাকাত ছেলেটির পানে চাহিয়া দুর্গানাম জপিতে লাগিল। পিসিমা ত ভয়ে কাঁদিয়াই ফেলিলেন। নীচে ভিড়ের মধ্যে গাদাগাদি দাঁড়াইয়া হিন্দুস্থানী সিপাহীরা তাহাকে সাহস দিতে লাগিল এবং এক-একটা অস্ত্র পাইলেই নামিয়া আসে, এমন আভাসও দিল।

বেশ করিয়া দেখিয়া ইন্দ্র কহিল, 'দ্বারিকবাবু, এ বাঘ নয় বোধ হয়। তাহার কথাটা শেষ হইতে না হইতেই সেই রয়েল বেঙ্গল টাইগার দুই থাবা জোড় করিয়া মানুষের গলায় কাঁদিয়া উঠিল। পরিষ্কার বাঙলা করিয়া কহিল, না বাবুমশাই, না। আমি বাঘ-ভালুক নই-ছিনাথ বউরূপী। ইন্দ্র হো-হো করিয়া হাসিয়া উঠিল। ভট্চায্যিমশাই খড়ম হাতে সর্বাগ্রে ছুটিয়া আসিলেন হারামজাদা! তুমি ভয় দেখাবার জায়গা পাও না?'

* এই দুই বহুরূপীর মধ্যে কাকে তোমার বেশি ভালো লাগল তা যুক্তিসহ লেখো।

* তুমি যদি বহুরূপী সাজো, তাহলে তুমি কী রূপ নেবে? তোমার এই রূপ নেওয়ার কারণ কী?

[নির্ধারিত সময় : ৪৫/৪০ মিনিট—শ্রেণিকক্ষে এই বিষয়টি আদানপ্রদানের জন্য ১০ মিনিট + কাজটি দলগত/ এককভাবে করার জন্য ২৫/২০ মিনিট + সামগ্রিক আদানপ্রদান ১০ মিনিট]

**বিশেষ জ্ঞাতব্য তথ্য :** *এখানে বিভিন্ন পাঠ্যবিষয়কে অবলম্বন করে ছয়টি পদ্ধতি-সম্পর্কিত ছয়টি উদাহরণ দেওয়া হলো। এটি নমুনা মাত্র। এভাবে বিভিন্ন পাঠ্যবিষয় অবলম্বনে যেকোনো পর্যায়ক্রমিকের পাঠ্যসূচি অনুসারে বিভিন্ন পদ্ধতির চর্চা করা যাবে। সাহিত্য সঞ্চয়ন এবং ব্যাকরণ অন্তর্বর্তী প্রস্তুতিকালীন মূল্যায়নের অন্তর্ভুক্ত হবে, কিন্তু সহায়ক পাঠ 'কোনি' এই মূল্যায়নের অন্তর্ভুক্ত হবে না। নির্দিষ্ট কোনো বিদ্যালয়ের শিক্ষার্থীদের সবলতা ও সামর্থ্যের নিরিখে কাঠিন্যমাত্রার তারতম্য ঘটানো যেতে পারে। তৃতীয় অন্তর্বর্তী প্রস্তুতিকালীন মূল্যায়নে প্রাপ্ত মান মাধ্যমিক পরীক্ষায় অন্তর্বর্তী প্রস্তুতিকালীন মূল্যায়নের মান হিসাবে গণ্য করা হবে।*

# পর্যায়ক্রমিক মূল্যায়নের প্রশ্নের ধরন ও রূপরেখা

## নবম শ্রেণি

### প্রথম পর্যায়ক্রমিক মূল্যায়নের প্রশ্নের কাঠামো ও নম্বর বিভাজন

| | বহু বিকল্পীয় প্রশ্ন (MCQ) | অতি সংক্ষিপ্ত উত্তরধর্মী (Very Short Answer Type) | ব্যাখ্যাভিত্তিক সংক্ষিপ্ত উত্তরধর্মী (Short and Explanatory) | রচনাধর্মী প্রশ্ন (Essay Type) | পূর্ণমান (Total) |
|---|---|---|---|---|---|
| গল্প | ০১ | ০২ | ০৩ | ০৫ | ১১ |
| কবিতা | ০১ | ০২ | ০৩ | ০৫ | ১১ |
| প্রবন্ধ | - | - | - | - | - |
| নাটক | ০১ | ০২ | ০৩ | - | ০৬ |
| সহায়ক গ্রন্থ | ০১ | ০১ | - | ০৫ | ০৭ |
| ব্যাকরণ | ০২ | ০৩ | - | - | ০৫ |
| নির্মিতি | - | - | - | - | - |

**অন্তর্বর্তী প্রস্তুতিকালীন মূল্যায়ন - ১০**

### দ্বিতীয় পর্যায়ক্রমিক মূল্যায়নের প্রশ্নের কাঠামো ও নম্বর বিভাজন

| | বহু বিকল্পীয় প্রশ্ন (MCQ) | অতি সংক্ষিপ্ত উত্তরধর্মী (Very Short Answer Type) | ব্যাখ্যাভিত্তিক সংক্ষিপ্ত উত্তরধর্মী (Short and Explanatory) | রচনাধর্মী প্রশ্ন (Essay Type) | পূর্ণমান (Total) |
|---|---|---|---|---|---|
| গল্প | ০১ | ০১ | - | ০৫ | ০৭ |
| কবিতা | ০১ | ০১ | - | ০৫ | ০৭ |
| প্রবন্ধ | ০১ | ০১ | - | ০৫ | ০৭ |
| চিঠি | ০১ | ০১ | - | ০৫ | ০৭ |
| সহায়ক গ্রন্থ | ০১ | ০১ | - | ০৫ | ০৭ |
| ব্যাকরণ | ০২ | ০৩ | - | - | ০৫ |
| নির্মিতি | - | - | - | - | - |

**অন্তর্বর্তী প্রস্তুতিকালীন মূল্যায়ন - ১০**

## তৃতীয় পর্যায়ক্রমিক মূল্যায়নের প্রশ্নের কাঠামো ও নম্বর বিভাজন

| | বহু বিকল্পীয় প্রশ্ন (MCQ) | অতি সংক্ষিপ্ত উত্তরধর্মী (Very Short Answer Type) | ব্যাখ্যাভিত্তিক সংক্ষিপ্ত উত্তরধর্মী (Short and Explanatory) | রচনাধর্মী প্রশ্ন (Essay Type) | পূর্ণমান (Total) |
|---|---|---|---|---|---|
| গল্প | ০২ | ০২ | ০৩ | ০৫ | ১২ |
| কবিতা | ০২ | ০২ | ০৩ | ০৫ | ১২ |
| প্রবন্ধ | ০২ | ০২ | ০৩ | ০৫ | ১২ |
| নাটক | ০১ | ০১ | ০৩ | ০৫ | ১০ |
| সহায়ক গ্রন্থ | ০৩ | ০৩ | ০৩ | ০৫ | ১৪ |
| ব্যাকরণ | ০৮ | ০৮ | - | - | ১৬ |
| নির্মিতি | - | - | - | *১০+০৪ | ১৪ |

**অন্তর্বর্তী প্রস্তুতিকালীন মূল্যায়ন - ১০**

| | |
|---|---|
| ১০ নম্বরের জন্য | কমবেশি ৩০০ শব্দ |
| ০৫ নম্বরের জন্য | কমবেশি ১৫০ শব্দ |
| ০৩ নম্বরের জন্য | কমবেশি ৬০ শব্দ |
| ০১ নম্বরের জন্য | কমবেশি ১৫ শব্দ |

* নির্মিতি অংশে প্রবন্ধের উত্তর প্রদান বাধ্যতামূলক।

## দশম শ্রেণি

## তৃতীয় পর্যায়ক্রমিক/নির্বাচনী মূল্যায়নের জন্য প্রশ্নের কাঠামো ও নম্বর বিভাজন

| | বহু বিকল্পীয় প্রশ্ন (MCQ) | অতি সংক্ষিপ্ত উত্তরধর্মী প্রশ্ন (Very short Answer Type) | ব্যাখ্যাভিত্তিক সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন (Short and Explanatory) | রচনাধর্মী প্রশ্ন (Essay Type) | পূর্ণমান (Total) |
|---|---|---|---|---|---|
| গল্প | ০৩ | ০৪ | ০৩ | ০৫ | ১৫ |
| কবিতা | ০৩ | ০৪ | ০৩ | ০৫ | ১৫ |
| প্রবন্ধ | ০৩ | ০৩ | × | ০৫ | ১১ |
| নাটক | × | × | × | ০৪ | ০৪ |
| পূর্ণাঙ্গ সহায়ক গ্রন্থ | × | × | × | ৫+৫=১০ | ১০ |
| ব্যাকরণ | ০৮ | ০৮ | × | × | ১৬ |
| নির্মিতি | × | × | × | * প্রবন্ধ রচনা - ১০<br>* অনুবাদ - ০৪<br>সংলাপ রচনা অথবা প্রতিবেদন রচনা - ০৫ | ১৯ |

| | |
|---|---|
| ১০ নম্বরের প্রশ্নের জন্য : | কম বেশি ৪০০ শব্দ |
| ০৫ নম্বরের প্রশ্নের জন্য : | কম বেশি ১৫০ শব্দ |
| ০৪ নম্বরের প্রশ্নের জন্য : | কম বেশি ১২৫ শব্দ |
| ০৩ নম্বরের প্রশ্নের জন্য : | কম বেশি ৬০ শব্দ |
| ০১ নম্বরের প্রশ্নের জন্য : | কম বেশি ২০ শব্দ |

MCQ-এর ক্ষেত্রে কোনো বিকল্প প্রশ্ন থাকবে না। VSA এর ক্ষেত্রে গল্পের ৫টির মধ্যে ৪টি, কবিতার ৫টির মধ্যে ৪টি, প্রবন্ধের ৪টির মধ্যে ৩টি প্রশ্নের উত্তর করতে হবে। SA এবং Essay type প্রশ্নের ক্ষেত্রে গল্প, কবিতা, প্রবন্ধ, নাটক থেকে একটি করে বিকল্প থাকবে। পূর্ণাঙ্গ সহায়ক গ্রন্থ থেকে ৩টি Essay type প্রশ্নের মধ্যে দুটির উত্তর করতে হবে। ব্যাকরণ অংশের VSA এর ক্ষেত্রে ১০টির মধ্যে ৮টির উত্তর করতে হবে। ৪টি প্রবন্ধের মধ্যে থেকে ১টির উত্তর করতে হবে। অনুবাদের ক্ষেত্রে কোনো বিকল্প প্রশ্ন থাকবে না। সংলাপ অথবা প্রতিবেদন— যে কোনো ১টির উত্তর করতে হবে।

* নির্মিতি অংশে প্রবন্ধ ও অনুবাদের উত্তর প্রদান বাধ্যতামূলক।

প্রথম ও দ্বিতীয় পর্যায়ক্রমিক মূল্যায়নের ক্ষেত্রে তৃতীয় পর্যায়ক্রমিক মূল্যায়নের প্রশ্নকাঠামো ও নম্বর বিভাজনের আনুপাতিক মান প্রযোজ্য হবে। এক্ষেত্রে যে যে বিষয় পাঠ্যসূচির অন্তর্গত থাকবে না তার মান প্রশ্নের অন্য বিষয়গুলিতে গুরুত্ব অনুসারে বণ্টিত হবে।

নবম শ্রেণি

# নমুনা প্রশ্নপত্র

## প্রথম পর্যায়ক্রমিক মূল্যায়ন

### পূর্ণমান - ৪০

১। **ঠিক উত্তরটি নির্বাচন করো :** ১ × ৬ = ৬

১.১ ‘ঈশানে উড়িল মেঘ সঘনে চিকুর।’ ‘ঈশান’ হল —

(ক) দক্ষিণ-পশ্চিম কোণ।

(খ) উত্তর-পূর্ব কোণ।

(গ) দক্ষিণ-পূর্ব কোণ।

(ঘ) উত্তর পশ্চিম কোণ।

১.২ ‘ইলিয়াস তাকে একটা বাড়ি দিল, কিছু গোরু-ঘোড়াও দিল।’ ইলিয়াস এসব দিয়েছিল—

(ক) তার একমাত্র মেয়েকে।

(খ) তার বড়ো ছেলেকে।

(গ) তার ছোটো ছেলেকে।

(ঘ) মহম্মদ শা নামে এক প্রতিবেশীকে।

১.৩ ‘প্রভু, আজ আমার সংসার চলবে কীভাবে?’ বক্তা

(ক) প্রথম রক্ষী

(খ) দ্বিতীয় রক্ষী।

(গ) জেলে।

(ঘ) রাজ-শ্যালক।

১.৪ ‘আজ দিনের শুরুতেই একটা বিশ্রী কাণ্ড ঘটে গেল।’ উদ্ধৃতাংশে যে দিনটির প্রসঙ্গ রয়েছে, সেটি হল—

(ক) ১লা জানুয়ারি।

(খ) ৫ই জানুয়ারি।

(গ) ১২ই জানুয়ারি।

(ঘ) ২৫শে জানুয়ারি।

১.৫ সমবর্ণ লোপ-এর ক্ষেত্রে দুটি সমধ্বনির মধ্যে

(ক) একটি ধ্বনি শুধুমাত্র লেখায় লোপ পায়।

(খ) একটি ধ্বনি শুধুমাত্র কথায় লোপ পায়।

(গ) একটি ধ্বনি লেখা ও কথা দুটি ক্ষেত্রেই লোপ পায়।

(ঘ) দুটিই লেখা ও কথার ক্ষেত্রে লোপ পায়।

১.৬ 'শহুরে'-উদাহরণটি হল

(ক) প্রগত স্বরসংগতি।

(খ) পরাগত স্বরসংগতি।

(গ) অন্যোন্য স্বরসংগতি।

(ঘ) মধ্যগত স্বরসংগতি।

**২। কমবেশি ১৫টি শব্দে নীচের প্রশ্নগুলির উত্তর দাও : ১×১০=১০**

২.১ কলিঙ্গে দুর্যোগের দিনে সকলে কাকে স্মরণ করেছে?

২.২ 'তরী ভরা পণ্য নিয়ে' কবি কোথায় পাড়ি দিতে চেয়েছিলেন?

২.৩ 'আমি সত্য কথাই বলছি, তামাশা করছি না।' — বক্তা কোন্ সত্য কথা বলেছেন?

২.৪ 'প্লেটোর দোরগোড়ায় কী লেখা ছিল, জানিস?'— প্লেটোর দোরগোড়ায় কী লেখা ছিল বলে বক্তা জানিয়েছেন?

২.৫ 'ধীবর বৃত্তান্ত' নাট্যাংশে ধীবর কীভাবে আংটিটি পেয়েছিল?

২.৬ 'ধীবর-বৃত্তান্ত' নাট্যাংশে রাজ-শ্যালক কোন্ ভূমিকা পালন করেছেন?

২.৭ 'ঠিক ঠিক। মনে পড়েছে।' — কোন্ ঘটনার কথা বক্তার মনে পড়েছে?

২.৮ কোন্ দুটি প্রত্যয়কে তুলনাবাচক তদ্ধিত প্রত্যয় বলা হয়?

২.৯ মধ্যস্বরলোপের একটি উদাহরণ দাও।

২.১০ 'ঋ'কে মিশ্রধ্বনি বলা হয় কেন?

**৩। কমবেশি ৬০ শব্দে নীচের যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৩×১=৩**

৩.১ 'কলিঙ্গে সোঙরে সকল লোক যে জৈমিনি।'— জৈমিনি কে? কলিঙ্গের লোক কোন্ পরিস্থিতিতে তাঁকে স্মরণ করেছেন? ১+২

৩.২ 'এ-তরীতে মাথা ঠুকে সমুদ্রের দিকে তারা ছোটে।'— কোন্ তরী? পঙ্ক্তিটির অন্তর্নিহিত অর্থটি বিশ্লেষণ করো। ১+২

**৪। কমবেশি ৬০ শব্দে নীচের যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৩×১=৩**

৪.১ ‘দুশ্চিন্তারও অন্ত ছিল না।’ —বক্তা কে? তাঁর জীবনে কীভাবে নানান দুশ্চিন্তা ভিড় করে আসত? ১+২

৪.২ ‘মনে হলো, স্নেহ-মমতা-ক্ষমার এক মহাসমুদ্রের ধারে এসে দাঁড়িয়েছি।’—কার একথা মনে হলো? কেন তাঁর একথা মনে হলো? ১+২

**৫। কমবেশি ৬০ শব্দে নীচের যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ৩×১=৩**

৫.১ ‘সেই আংটি দেখে মহারাজের কোনো প্রিয়জনের কথা মনে পড়েছে।’ মহারাজের পরিচয় দাও। প্রিয়জনের কথা মনে পড়ায় রাজা কী করেছিলেন? ১ + ২

৫.২ ‘আপনারা অনুগ্রহ করে শুনুন।’ — বক্তা কে? তার বক্তব্যটি কী? ১ + ২

**৬। কমবেশি ১৫০ শব্দে নীচের যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫×১=৫**

৬.১ ‘অম্বিকামঙ্গল গান শ্রীকবিকঙ্কণ।’—‘অম্বিকামঙ্গল’ এবং তাঁর কবি ‘শ্রীকবিকঙ্কণ’ এর পরিচয় দাও। ‘কলিঙ্গ দেশে ঝড়-বৃষ্টি’ অংশে বর্ণিত প্রাকৃতিক দৃশ্যের পরিচয় দাও। ২+৩

৬.২ ‘নোঙর গিয়েছে পড়ে তটের কিনারে।’ — নোঙর কী ? ‘নোঙর’ তটের কিনারে পড়ে গিয়েছে বলতে কী বোঝানো হয়েছে ? ২ + ৩

**৭। কমবেশি ১৫০ শব্দে নীচের যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও? ৫×১=৫**

৭.১ ‘মোট কথা, ইলিয়াসের তখন খুব বোলবোলাও, পাশেপাশের সকলেই তাকে ঈর্ষা করে।’ — ইলিয়াস কীভাবে সকলের ঈর্ষার পাত্র হয়ে উঠেছিল? তার পরবর্তী জীবনের ছবি কীভাবে বদলে গেল? ২ + ৩

৭.২ ‘একদিন একটি পত্রিকার পক্ষ থেকে ফরমাশ এল, আমার ছেলেবেলার গল্প শোনাতে হবে।’ — কার কাছে এমন ‘ফরমাশ’ এল? তিনি তাঁর ছেলেবেলার গল্প কীভাবে শোনালেন? ১ + ৪

**৮। কমবেশি ১৫০ শব্দে নীচের যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও? ৫×১=৫**

৮.১ ‘বিধুশেখর আবার গম্ভীর গলায় বলল, বিভং ভীবং বিভং’। — বিধুশেখরের বলা কথাটির অর্থ কী ? ‘ব্যোমযাত্রীর ডায়রি’ গল্প অনুসরণে সেইপরিস্থিতিটির বর্ণনা দাও। ১ +৪=৫

৮.২ ‘খাতাটা হাতে নিয়ে খুলে কেমন যেন খটকা লাগল।’ — কোন্ ‘খাতা’ র কথা বলা হয়েছে ? বক্তার মনে খটকা লাগল কেন, তা সেই খাতাটির প্রকৃতি আলচনার মাধ্যমে ব্যাখ্যা করো। ১ +৪=৫

## দ্বিতীয় পর্যায়ক্রমিক মূল্যায়ন

**পূর্ণমান - ৪০**

**১। ঠিক উত্তরটি নির্বাচন করো :** **১×৭=৭**

১.১ ‘ তখন সে জিজ্ঞাসা করিল যে, “ তোমার বয়স কত”?’ উত্তরে শ্রোতা জানিয়েছে

(ক) পাঁচ — সাত বছর।

(খ) সাত — আট বছর।

(গ) দশ — এগারো বছর।

(ঘ) নয় — দশ বছর।

১.২ ‘ব্যথিত গন্ধের ক্লান্ত নীরবতা’— ব্যথিত গন্ধ আছে

(ক) বাংলার নীল সন্ধ্যার আকাশে।

(খ) হিজলে কাঁঠালে জামে।

(গ) কিশোরের পায়ে-দলা মুথাঘাসে আর লাল লাল বটের ফলে।

(ঘ) নরম ধানে।

